চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 336 Wednesday, 8 November, 2023 ✱ ২৮ বর্ষ, ৩৩৬ সংখ্যা ✱ ২১ কার্তিক, ১৪৩০, বুধবার, ৮ নভেম্বর, ২০২৩ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য- ৩ টাকা

নিযোগে দুর্নীতি মামলায় গ্রেফতার হওয়া যুব তৃণমূল কংগ্রেসের হুগলি জেলার প্রাক্তন সভাপতি কুন্তল ঘোষের ফ্ল্যাটে মঙ্গলবার হানা দিল ইডি। ...বিস্তারিত পাতা ৩

দীর্ঘদিন ধরে প্রেম, কিন্তু বিয়েতে অনীহা প্রেমিকের! বিয়েতে অনিচ্ছা, পরিবারের অপমান- সব মিলিয়ে অসহ্য পরিস্থিতি হয়ে উঠেছিল। ...বিস্তারিত পাতা ৫

কাছাড় জেলার অন্তর্গত লক্ষ্মীপুর মহকুমায় অসম পুলিশ এবং আসাম রাইফেলস-এর যৌথ অভিযানে উদ্ধার হয়েছে ৩০ হাজারটি নেশার ইয়াবা ট্যাবলেট। ...বিস্তারিত পাতা ৬

বিশ্বকাপে আরও অনেক বোলারই ভাল খেললেও ধারাবাহিক ভাল খেলার বিচারে বুমরা বাকিদের ছাপিয়ে গিয়েছেন। ...বিস্তারিত পাতা ৮

সাড়ে ১২ বছরে ২২ বিল আটকে রয়েছে রাজভবনে

পরিসংখ্যান দিয়ে জানালেন স্পিকার বিমান

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ নভেম্বরঃ কেন বিধানসভায় পাশ হওয়া বিলে সই করছেন না রাজ্যপালরা? কেন আদালত পর্যন্ত পৌঁছচ্ছে সেই মামলা? পঞ্জাব সরকারের করা একটি মামলায় এই ভাষাতেই বার্তা দিয়েছে শীর্ষ আদালত। বিলে সই না করায় তোপের মুখে পড়তে হয়েছে রাজ্যপালদের। সুপ্রিম কোর্টের সেই পর্যবেক্ষণ কি এ রাজ্যেও প্রভাব ফেলবে? তেমনটাই আশা করছে রাজ্য। স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় এই প্রসঙ্গে বলেন, ''আশা করি রাজ্যপালরা এই পর্যবেক্ষণ মানবেন।'' বাংলাতেও বেশ কয়েকটি বিল পড়ে রয়েছে। সেই তালিকার কথা উল্লেখ করে স্পিকারের জানিয়েছেন, বিল যাতে সই করা হয়, সেই আবেদন ফের জানানো হবে রাজ্যপালকে। স্পিকারের দেওয়া তথ্য অনুযায়ী, রাজ্যে তৃণমূল ক্ষমতায় আসার পর মোট ২২টি বিল আটকে আছে রাজ্যপালের কাছে। বিমান বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন, ''রাজ্যপালের এক্তিয়ার নেই বিল আটকে রাখার। সংবিধানে বলা আছে। সুপ্রিম কোর্ট এর পর্যবেক্ষণ আশা করি সব রাজ্যপালরা মানবেন।'' বর্তমান রাজ্যপাল সি ভি আনন্দ বোসের কাছে বেশি বিল আটকে আছে বলেও উল্লেখ করেছেন তিনি। বিমান বন্দ্যোপাধ্যায় বলেন, ''উনি তো অনেক লোক নিয়োগ করছেন। বিল-এর ত্রুটি বিচ্যুতি দেখার জন্যও লোক নিয়োগ করা উচিত। ওঁর

সংশয় যদি কিছু থাকে আমাদের মতামত নিতে পারেন। জনগণের জন্য বিল পেশ করা হয় বিধানসভায়। সেই বিধানসভাকে মর্যাদা দিতে হবে রাজ্যপালকে।'' জানা গিয়েছে, ২০১১ থেকে ২০১৬ সাল পর্যন্ত তিনটি বিল পড়েছিল রাজভবনে, ২০১৬ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত ৪টি বিল সই না করা অবস্থায় পড়েছিল, ২০২১ থেকে এখনও পর্যন্ত আরও ১৫টি বিল পড়ে আছে। সব মিলিয়ে ২২টি বিল পড়ে আছে বলে জানিয়েছেন স্পিকার। সি ভি আনন্দ বোস জমানায় বিল আটকে আছে ৬টি। শুধুমাত্র বাংলায় নয়, বিভিন্ন রাজ্যে রাজ্যপালরা বিধানসভায় পাশ হওয়া বিল কেন আটকে রেখেছেন, তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের বেঞ্চ এই নিয়ে সতর্ক করেছে রাজ্যপালদের। সুপ্রিম কোর্ট পর্যন্ত পৌঁছনোর আগেই যাতে বিল নিয়ে সিদ্ধান্ত চূড়ান্ত করা হয়, সেই বার্তাই দেওয়া হয়েছে বিভিন্ন রাজ্যের রাজ্যপালদের। পঞ্জাবের আপ সরকারের তরফে সুপ্রিম কোর্টে অভিযোগ জানানো হয়েছিল সে রাজ্যের রাজ্যপাল বনওয়ারিলাল পুরোহিতের বিরুদ্ধে। পঞ্জাব সরকারের অভিযোগ, সে রাজ্যের বিধানসভায় পাশ হওয়া ২৭টি বিলের মধ্যে মাত্র ২২টিতে সই করেছেন রাজ্যপাল। অর্থ ও শিক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিলেও সই হয়নি বলে দাবি করা হয়েছে।

প্রাথমিকের টেট নিরাপত্তায় বড় পদক্ষেপ নিচ্ছে পর্ষদ!

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ নভেম্বরঃ আগামী ১০ই ডিসেম্বর রয়েছে প্রাথমিকের টেট। আর সেই টেটকে কেন্দ্র করে নিরাপত্তা ব্যবস্থা আঁটোসাঁটো করতে চায় প্রাথমিক শিক্ষা পর্ষদ। তার জন্য ইতিমধ্যেই গতবার থেকেই বেশ কয়েক দফা পরিকল্পনা নিয়েছে প্রাথমিক শিক্ষা পর্ষদ। যার মধ্যে রয়েছে হ্যান্ড মেড মেটাল ডিটেক্টর ব্যবহার ও পরীক্ষার্থীদের ফ্রিস্কিং করা। এবার নিরাপত্তা ব্যবস্থায় আরও এক ধাপ এগোতে চায় প্রাথমিক শিক্ষা পর্ষদ। পর্ষদ সূত্রের খবর নিরাপত্তা ব্যবস্থার অন্যতম পদক্ষেপ হিসেবে এবার পরীক্ষার্থীদের ফিঙ্গার প্রিন্ট ব্যবহার করতে চায় পর্ষদ। পর্ষদ সূত্রে খবর আপাতত গোটাটাই পরিকল্পনা স্তরে রয়েছে। যদিও প্রাথমিকের টেটে যখন আবেদনপত্র নেওয়া হয়েছে তখন আধার কার্ডের কপিও নেওয়া হয়েছিল। সেই আঁধারে রয়েছে পরীক্ষার্থীদের ফিঙ্গারপ্রিন্ট। তার সঙ্গে সেই পরীক্ষার্থীদের অর্থাৎ আশা পরীক্ষার্থীদের ফিঙ্গারপ্রিন্ট মিলিয়ে দেখা হতে পারে। অর্থাৎ এর মাধ্যমে আসল পরীক্ষার্থী না নকল পরীক্ষার্থী তা বুঝে যাবার আরও একটি উপায় বা পথ নিতে পারে প্রাথমিক শিক্ষা পর্ষদ। যদিও এই পরিকল্পনাটি কার্যকরী করার ক্ষেত্রেও খরচের হিসেব ভাবাচ্ছে পর্ষদকে। তার কারণ গতবারের মতো এবারও প্রাথমিক শিক্ষা পর্ষদ প্রত্যেকটি পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের ঢোকা ও বেরোনোর জায়গায় সিসিটিভি বাধ্যতামূলকভাবে লাগাতে চলেছে। কিন্তু এর পাশাপাশি ফিঙ্গারপ্রিন্ট ব্যবহার করলে আরও নিশ্চিন্ত নিরাপত্তা ব্যবস্থা করা যাবে প্রত্যেকটি পরীক্ষা কেন্দ্রে বলেই মত পর্ষদের আধিকারিকদের। পর্ষদ সূত্রে খবর চলতি সপ্তাহের মধ্যেই পর্ষদ নিরাপত্তার ব্যাপারে যাবতীয় সিদ্ধান্ত নিতে চলেছে। যদিও এই বিষয় নিয়ে পর্ষদ সভাপতি গৌতম পাল কোনও প্রতিক্রিয়া দিতে চাননি। অন্যদিকে কিভাবে পরীক্ষা কেন্দ্রগুলিতে প্রাথমিকের টেট আগামী ১০ই ডিসেম্বর নেওয়া হবে সেই বিষয়ে গাইডলাইন প্রস্তুতির কাজও শুরু করেছে পর্ষদ। প্রসঙ্গত গতবারের তুলনায় এবারে পরীক্ষার্থীর সংখ্যা অনেকটাই কমেছে প্রাথমিকের টেটে। এর পিছনে কারণ হিসাবে অবশ্য প্রাথমিকের টেটে বিএড উত্তীর্ণরা আবেদন করতে পারবেন না এই কারণ কেউ উল্লেখ করেছে পর্ষদ। তবে পরীক্ষার্থীর সংখ্যা কম হলেও নিরাপত্তায় কোনও খামতি রাখতে চাইছে না পর্ষদ।

মেয়াদের শেষলগ্নেও মুখ্যমন্ত্রীকে তীব্র কটাক্ষ উপাচার্যের

দুরন্ত বার্তা, বোলপুর, ৭ নভেম্বরঃ 'আপনার সাহিত্য কীভাবে স্বীকৃতি পায় তা সহজেই বোধগম্য', এই ভাষাতেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ৫ পাতার ব্যঙ্গাত্মক চিঠি দিলেন বিশ্বভারতীর উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তী। মুখ্যমন্ত্রীকে কটাক্ষ করতে 'চারিত্রপূজা', 'কর্মী রবীন্দ্রনাথ', 'শান্তিনিকেতনের স্মৃতি'- এই বইগুলো থেকে উদ্ধৃতিও তুলে ধরলেন তিনি। এই চিঠির কথা প্রকাশ্যে আসার পরেই বোলপুরের তৃণমূল সাংসদ অসিত মাল দাবি করলেন, শেষ দিন পর্যন্ত বিশ্বভারতীকে যত রকমভাবে পারছেন কলঙ্কিত করছেন এই উপাচার্য। ফলক বিতর্কে তৃণমূলের আন্দোলনের ১২ দিন। ১৭ সেপ্টেম্বর শান্তিনিকেতনকে 'ওয়ার্ল্ড হেরিটেজ' তকমা দিয়েছে ইউনেসকো। তারপরেই শ্বেতপাথরের তিনটি ফলক বসিয়েছে বিশ্বভারতী কর্তৃপক্ষ। সেই ফলকে বিশ্ববিদ্যালয়ের আচার্য হিসাবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তীর নাম থাকলেও ব্রাত্য স্বয়ং রবীন্দ্রনাথ। বিষয়টি প্রকাশ্যে আসার পরেই সরব হয়েছেন মমতা। তাঁর নির্দেশে ১২ দিন ধরে মঞ্চ তৈরি করে ধরনা বিক্ষোভ করছে তৃণমূল। ৮ নভেম্বর শেষ হচ্ছে উপাচার্য বিদ্যুৎ চক্রবর্তীর চাকরির মেয়াদ। তার আগে এদিন তিনি ফের মুখ্যমন্ত্রীকে ৫ পাতার চিঠি দেন।

ঘাট সাজবে প্রদীপের আলোয়, বারাণসীর আদলে এবার কলকাতায় দেব দীপাবলি!

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ নভেম্বরঃ কলকাতাতেও এবার দেব দীপাবলি। বারাণসীর দশাশ্বমেধ ঘাটের আদলে শহর কলকাতায় পালন করা হবে দেব দীপাবলি। হাজার হাজার প্রদীপে সেজে উঠবে তিলোত্তমার গঙ্গার ঘাট। আগামী ২৫ এবং ২৬ নভেম্বর বাজে কদমতলা ঘাটে দেব দীপাবলি পালিত হবে বলে কলকাতা পুরসভা সূত্রের খবর। উৎসবে আমন্ত্রণ জানানো হবে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কেও। কলকাতা পুরসভার তরফে সেই আমন্ত্রণপত্র নবান্নে পাঠানো হবে। দেশের বিভিন্ন অংশে কার্তিক পূর্ণিমার দিন পালিত হয় দেব দীপাবলি। এবছর তা পালিত হবে ২৫ ও ২৬ তারিখ। ওইদিনেই বারাণসীর কাশী বিশ্বনাথ মন্দির চত্বর ও ঘাট চোখ ধাঁধিয়ে দেওয়ার মতো করে সেজে ওঠে। লক্ষ লক্ষ প্রদীপ জ্বালিয়ে পালিত হয় এই দেব দীপাবলি। বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে বহু মানুষ সেই দৃশ্যের সাক্ষী থাকতে আসেন। এবার ঠিক সেই আদলেই প্রায় দশ হাজার প্রদীপ জ্বালিয়ে কলকাতার গঙ্গার ঘাটে উৎসবটি পালন করা হবে। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উপস্থিত থাকার সম্ভাবনা আছে বলে কলকাতা পুরসভা সূত্রে খবর। প্রসঙ্গত, ২০২১ সালে কাশী বিশ্বনাথ মন্দিরে নতুন করিডোর উদ্বোধন করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি দেব দীপাবলির দিনে কাশীর ঘাটের ছবি নিজের এক্স হ্যান্ডলে টুইটও করেছিলেন। আর এবার কলকাতায় কার্তিক পূর্ণিমায় দেব দীপাবলিকে ঘিরে ফুটে উঠবে এক টুকরো কাশী বিশ্বনাথ মন্দিরের আলোকময় ছবি। প্রসঙ্গত, চলতি বছরে বেনারসের ঘাটে আরতির আদলেই কলকাতার বাজে কদমতলা ঘাটে শুরু হয়েছে গঙ্গা আরতি। কথিত রয়েছে, কার্তিক মাসই হল আধ্যাত্মিক শক্তিলাভের শেষ মাস। কার্তিক পূর্ণিমায় মহাদেব অর্ধনারীশ্বর রূপে ত্রিপুরাসুরকে বধ করেছিলেন। তাই দিনটি হিন্দু ধর্মে বিশ্বাসী মানুষজন গুরুত্বের সঙ্গে পালন করেন। যা অনেকে 'শিব দীপাবলি' বলেও উল্লেখ করেন। মূলত এই দিনটি দেশের হিন্দি বলয়ে জাঁকজমক করে পালিত হয়। এই দিনটি পালনের জন্য দীপাবলি উৎসবের পর এই কার্তিক পূর্ণিমায় বারাণসী, কাশীর ঘাটগুলি অজস্র প্রদীপে আলোকিত করা হয়। এবার মহানগরেও দেখা মিলবে সেই আলোর উৎসবের মনোরম দৃশ্য।

'জ্যোতিপ্রিয় খোলামেলা মানুষ, ওর কথার সারবত্তা রয়েছে, এত জোর দিয়ে যখন বলছেন'

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ নভেম্বরঃ রেশন দুর্নীতিতে ধৃত রাজ্যের প্রাক্তন বনমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের পাশে দাঁড়ালেন বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়। ইডির তরফে জ্যোতিপ্রিয়র বিরুদ্ধে খাদ্য দুর্নীতির যে অভিযোগ আনা হয়েছে, তা ঠিক নয় বলেই মনে করেন স্পিকার। মঙ্গলবার বিধানসভায় সংবাদমাধ্যমের প্রশ্নের জবাবে স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের দাবি, জ্যোতিপ্রিয় মল্লিক যে নির্দোষ, নিজে বারেবারে একই কথা বলে আসছেন। আমারও মনে হয়, ''জ্যোতিপ্রিয় যে কথাবার্তা বলছেন তার একটা সারবত্তা রয়েছে। এত জোরের সঙ্গে বলছেন, দেখা যাক, আগামী দিনে কী হয়। তবে আমার ব্যক্তিগতভাবে মনে হয়, জ্যোতিপ্রিয় মল্লিক অনেক খোলামেলা মানুষ। মনে হয় না, এই ধরনের কাণ্ডে ওর কোনও ইনভলমেন্ট থাকতে পারে।'' রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, জ্যোতিপ্রিয়র পাশে দল যে আছে, মন্ত্রীর বাড়িতে ইডির জেরা পর্ব থেকেই সেটা বারে বারে স্পষ্ট করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবার বিধানসভার স্পিকারও জ্যোতিপ্রিয়র পাশে দাঁড়িয়ে তাঁকে কার্যত ক্লিনচিট দিলেন বলেই মনে করা হচ্ছে। গত ২৬ অক্টোবর সকাল থেকে দিনভর জেরা শেষে মধ্যরাতে জ্যোতিপ্রিয় মল্লিককে গ্রেফতার করে ইডি। সিজিওতে ঢোকার সময় সেদিন জ্যোতিপ্রিয় নিজেকে নির্দোষ বলে দাবি করে, বিজেপি ও শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগ করেছিলেন। সোমবার আদালত ফের সাত দিনের ইডি হেফাজতে পাঠিয়েছে মন্ত্রীকে। সোমবারও আদালত থেকে বেরানোর সময়ও নিজেকে নির্দোষ দাবি করেন জ্যোতিপ্রিয়। তবে দলের আর এক মন্ত্রী অখিল গিরির মন্তব্যকে অবশ্য সমর্থন জানাননি স্পিকার। সম্প্রতি রাজ্যপালকে উদ্দেশ্য করে কুকথা বলার অভিযোগ ওঠে রাজ্যের কারা প্রতিমন্ত্রী অখিল গিরির বিরুদ্ধে। সোমবার অখিল গিরির ওই ভিডিও স্যোশাল সাইটে টুইট করেন শুভেন্দু। একই সঙ্গে সাংবিধানিক পদাধিকারিক সম্পর্কে কুকথা বলার অভিযোগে অবিলম্বে অখিল গিরিকে মন্ত্রীপদ থেকে অপসারণের দাবি জানিয়ে রাজ্যপালকে চিঠিও দেন বিরোধী দলনেতা। অতীতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সম্পর্কে কুকথা বলার অভিযোগ উঠেছিল

অখিলের বিরুদ্ধে। চিঠিতে ওই প্রসঙ্গও উল্লেখ করেন শুভেন্দু। এই বিষয়ে জানতে চাওয়া হলে স্পিকার বলেন, ''রাজ্যপাল সম্পর্কে এই ধরনের মন্তব্য না করাই বাঞ্ছনীয়। এমনটা না বললেই ভাল করতেন।' একই সঙ্গে একের পর এক বিল আটকে রাখার ঘটনায় রাজ্যপালকে তোপ দেগেছেন স্পিকার। তিনি বলেন, ''রাজ্যপালের এক্তিয়ার নেই এভাবে বিল আটকে রাখার। সংবিধানে সেটা স্পষ্ট বলা আছে। তবু ২২টি বিল আটকে আছে রাজ্যপালের কাছে। রেকমেন্ডেশন থাকলে ফেরত পাঠাতে পারেন। সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ আশাকরি রাজ্যপাল মানবেন।''

আরও পিছিয়ে গেল এথিক্স কমিটির বৈঠক!

নয়াদিল্লি, ৭ নভেম্বরঃ আজ নয়, আগামী বৃহস্পতিবার বসতে চলেছে এথিক্স কমিটির বৈঠক। যদিও কমিটির ভূমিকা নিয়ে ফের প্রশ্ন তুলে দিয়েছেন তৃণমূল সাংসদ মহুয়া মৈত্র। এদিন সকালে সোশ্যাল সাইটে তিনি এই বিষয়ে তোপ দেগেছেন। সেই সঙ্গে উল্লেখ করেছেন কার্যত স্বেচ্ছাচারিতা চলছে। প্রসঙ্গত, গত ২রা নভেম্বর টাকার বদলে প্রশ্ন বিতর্কে সংসদের এথিক্স কমিটিতে হাজিরা দেন মহুয়া। সেদিনের বৈঠকে তাঁকে অশালীন, অনৈতিক এবং ব্যক্তিগত প্রশ্ন করা হয়েছে বলে অভিযোগ করেন তৃণমূল সাংসদ। তাঁর সঙ্গে সুর মিলিয়ে সরব হন অন্য বিরোধী সাংসদরাও। তাঁরাও

অভিযোগ করেন, এথিক্স কমিটিতে 'দ্রৌপদীর বস্ত্রহরণ' হয়েছে। যার পালটা আবার অভিযোগ আসে বিজেপির তরফ থেকে। বিজেপি দাবি করে, মহুয়া-সহ বিরোধী সাংসদরা এথিক্স কমিটির গোপনীয়তা ভঙ্গ করেছেন। যা শাস্তিযোগ্য অপরাধ। মহুয়া যেদিন তোপ দাগেন সেদিনই আবার এথিক্স কমিটির পরবর্তী বৈঠকের দিক ঠিক হয়ে যায়। এদিন অর্থাৎ ৭ নভেম্বর ফের এথিক্স কমিটির বৈঠক বসার কথা ছিল। সেটা পিছিয়ে গেল আগামী ৯ নভেম্বর। সেদিনই ঠিক হতে পারে মহুয়ার ভাগ্য। দুই দিন আগেই 'এক্স' হ্যান্ডেলে তৃণমূল সাংসদ মহুয়া মৈত্র দু'টি পোস্ট করেন। বিজেপি-কে নিশানা করে কৃষ্ণনগরের তৃণমূল কংগ্রেস সাংসদ মহুয়া মৈত্র লেখেন, 'বিজেপি আমার বিরুদ্ধে ফৌজদারি মামলা করার কথা ভাবছে, এটা জেনে আমি শিহরিত হচ্ছি। ওঁদের এই ভাবনাকে স্বাগত জানাচ্ছি।'

১০ হাজার 'মোদি মিত্র'র সঙ্গে কথা বললেন প্রধানমন্ত্রী, বাংলায় বিজেপির নজরে মুসলিমরা

নয়াদিল্লি, ৭ নভেম্বরঃ লোকসভা নির্বাচনকে সামনে রেখে নরেন্দ্র মোদির 'সবকা সাথ' ভাবমূর্তি আরও বড় পরিসরে তুলে ধরতে নতুন কৌশল নিচ্ছে বিজেপি। জানুয়ারির ২২ তারিখ অযোধ্যায় রাম মন্দিরের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। হিন্দু মন জয়ে এখনও পর্যন্ত সেটাই বিজেপির মেগা কর্মসূচি। তবে এবার সংখ্যালঘুর মন জয়েও সমান আগ্রহী পদ্ম শিবির। রাম মন্দির উদ্বোধনের এক মাস আগে প্রধানমন্ত্রী তাই সংখ্যালঘু সম্প্রদায়ের ১০ হাজার মানুষের মুখোমুখি হবেন। তাদের বেশিরভাগই মুসলিম। দিল্লির কোনও স্টেডিয়ামে এজন্য বিশেষ সমাবেশের আয়োজন করা হচ্ছে। বিজেপির সংখ্যালঘু মোর্চা গোটা দেশ থেকে বাছাই করা এই ১০ হাজার জনকে বলছে 'মোদি মিত্র।' এই মোর্চাই প্রধানমন্ত্রীর সঙ্গে সংখ্যালঘুদের মুখোমুখি বৈঠকের আয়োজক। মোদি মিত্ররা সংখ্যালঘুদের সঙ্গে প্রধানমন্ত্রী ও বিজেপির সেতু বন্ধনের কাজ করছেন। বিজেপির সংখ্যালঘু মোর্চার জাতীয় সভাপতি জামাল সিদ্দিকীর বক্তব্য, সংখ্যালঘু সমাজের এই ১০ হাজার মানুষ বিজেপির কর্মী নন। সমর্থকও নন অনেকেই। তবে প্রত্যেকেই নরেন্দ্র মোদি সরকারের সাড়ে নয় বছরের কর্মসূচির দ্বারা উপকৃত। সিদ্দিকী জানান, সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ প্রধানমন্ত্রীকে সরাসরি তাদের কথা জানাতে পারবেন। সমস্যা, অভাব থেকে পরামর্শ, সবই বিনিময় করতে পারবেন তাঁরা। সবশেষে প্রধানমন্ত্রী তাঁর কথা বলবেন। সূত্রের খবর, সাড়া দেশের সংখ্যালঘুদের এই কর্মসূচিতে শামিল করা হলেও বিজেপি কয়েকটি রাজ্যকে অগ্রাধিকার দিচ্ছে। সেই তালিকায় এক ও দুই নম্বরে আছে যথাক্রমে পশ্চিমবঙ্গ এবং উত্তর প্রদেশ। বাংলায় ২৮ শতাংশ মুসলিমের সিংহভাগ বাংলাভাষী। এ রাজ্যে সংখ্যালঘু মন জয় না করে ক্ষমতার পালাবদল অসম্ভব, অতীতে একাধিকবার তা প্রমাণিত হয়েছে। বাংলায় বিজেপিও সেই অঙ্ক মাথায় নিয়ে এগোচ্ছে। এ রাজ্যে মোদি সরকারের কল্যাণ প্রকল্পে উপকৃতদের লম্বা তালিকা তৈরি করেছে বিজেপি। দলের রাজ্য কমিটির এক নেতার কথায়, দুর্ভাগ্যের হল, বাংলায় সংখ্যালঘু মোর্চা অত্যন্ত দুর্বল এবং নিষ্ক্রিয়। তাদের না আছে সংগঠন, না আছে কর্মসূচি। এই পরিস্থিতিতে মূল দলকেই দায়িত্ব নিতে হয়েছে। বিভিন্ন মন্ত্রক থেকে উপকৃতদের তালিকা সংগ্রহ করে পার্টি যোগাযোগ করে। সংখ্যালঘু সম্প্রদায়ের বহু মানুষ নরেন্দ্র মোদির সময়ে সরকারি সুবিধা পাওয়ার কথা কৃতজ্ঞতার সঙ্গে বলেছেন। রাজনৈতিক মহল মনে করছে, নরেন্দ্র মোদিকে সামনে রেখে বিজেপির সংখ্যালঘু মোর্চার এই কর্মসূচির পিছনে শুধুই ভোটের অঙ্ক নেই। ব্যক্তি মোদির ভাবমূর্তি পুনরুদ্ধারের ভাবনাও আছে। গুজরাত দাঙ্গায় সুপ্রিম কোর্ট প্রধানমন্ত্রীকে ক্লিন চিট দিয়েছে। এবার সংখ্যালঘুদের মধ্যেও প্রধানমন্ত্রী সম্পর্কে ধারণা বদল চাইছে দল। এই ব্যাপারে সরকারের কর্মসূচিই বিজেপির হাতিয়ার। পদ্ম শিবিরের এক নেতার কথায়, মোদি সরকারের কল্যাণ প্রকল্পের সুবিধা দল, ধর্ম, জাত নির্বিশেষে সকলে পেয়েছে। সংখ্যালঘু মহল্লায় বঞ্চনার অভিযোগ নেই সরকারের বিরুদ্ধে।

জন্মদিনে বাড়ির বাইরে এলেন অভিষেক, অনুরাগীদের সঙ্গে করলেন শুভেচ্ছা বিনিময়

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ নভেম্বরঃ সোমবার ঘড়ির কাঁটা রাত ১২টা ছুঁতেই তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে শুভেচ্ছা জানানোর ঢল নেমেছিল সোশ্যাল সাইটে। ভোরের আলো ফুটতে ডায়মন্ড হারবারের সাংসদের দীর্ঘায়ু কামনা করে বিভিন্ন মন্দিরে পুজার্চনার আয়োজনও করা হয়। সকাল থেকে অভিষেকের বাড়ির সামনেও নেমেছিল দলীয় কর্মী, সমর্থকদের ঢল। তৃণমূল নেত্রী সহ দলের মন্ত্রী, বিধায়ক, সাংসদ সহ নেতৃত্ব, সকলেই শুভেচ্ছা জানান তাঁকে। দুপুরে কয়েক মিনিটের জন্য বাড়ির বাইরে আসেন অভিষেক। হাত নেড়ে অনুরাগীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়ও করেন তিনি। রীতিমতো বাজনা বাজিয়ে সাংসদকে শুভেচ্ছা জানান অনুগামীরা। মঙ্গলবার ৩৬ এ পা দিলেন অভিষেক। জন্মদিনকে ঘিরে বাড়িতে বিশেষ কোনও পদ রান্না করা হয়েছিল কিনা, তা জানা যায়নি। তবে দলের সেকেন্ড ইন কম্যান্ডকে ঘিরে নৈহাটি থেকে ডায়মন্ডহারবার কর্মীদের উচ্ছ্বাস ছিল চোখে পড়ার মতো। অভিষেকের সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করে নৈহাটির বড় মা কালী মন্দিরে পুজো এবং যজ্ঞের আয়োজন করা হয়েছিল। একইভাবে সকাল থেকেই শুভেচ্ছা বার্তা ও পোস্টারে পোস্টারে ছেয়ে গিয়েছে ডায়মন্ড হারবার। কলকাতা থেকে জেলা, রাজ্যজুড়ে বিভিন্ন অনুষ্ঠান-কর্মসূচির মধ্য দিয়ে অভিষেকের জন্মদিন পালন করেন কর্মীরা। রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, একুশের ভোটের প্রচারে মমতা বন্দ্যোপাধ্যায়ের পায়ে চোট লাগার পর অভিষেক একাই চষে বেরিয়েছিলেন রাজ্যের উত্তর থেকে দক্ষিণ। এমনকী চলতি বছরের শুরুতে পঞ্চায়েত ভোটের আগে অভিষেকের নবজোয়ার যাত্রা সাড়া ফেলেছিল রাজ্যজুড়ে। ১০০ দিনের বকেয়া টাকার দাবিতে গত ২ ও ৩ অক্টোবর দিল্লিতে তৃণমূলের ধর্না কর্মসূচির নেতৃত্বেও ছিলেন অভিষেক। এমনকী কেন্দ্রীয় প্রতিমন্ত্রী দেখা করতে না চাওয়ায় দিল্লি থেকে রাজভবন অভিযানের ডাক দিয়েছিলেন। টানা ৫দিন রাজভবনের সামনে ধর্নায় বসেছিলেন অভিষেক। ওই মহলের মতে, আন্দোলনের মাধ্যমে ইতিমধ্যে নিজের দক্ষতার প্রমাণ দিয়েছেন অভিষেক। দলের অন্দরেই পুরনো এবং নব্যদের মধ্যেও বেড়েছে তাঁর গ্রহণযোগ্যতা। সে কারণেই অন্যবারের চেয়ে এবারে তাঁর জন্মদিনকে কেন্দ্র করে রাজ্যজুড়ে কর্মীদের বাড়তি উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যাচ্ছে বলে মনে করছেন রাজনৈতিক পর্যবেক্ষকরা।

মলয়কে ডেকে বৈঠক মমতার, চব্বিশ ঘণ্টার মধ্যে হাইকোর্টের পিপি বদল, সরতে পারেন এজিও

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ নভেম্বরঃ কলকাতা হাইকোর্টের সরকারি আইনজীবী তথা পাবলিক প্রসিকিউটরকে(পিপি) বদলি করা হল। শ্বাশত গোপাল মুখোপাধ্যায়ের পরিবর্তে ওই পদে আনা হল দেবাশিস রায়কে। একই সঙ্গে সরানো হতে পারে হাইকোর্টে রাজ্য সরকারের বর্তমান এজি তথা অ্যাডভোকেট জেনারেলকেও। বর্তমানে কলকাতা হাইকোর্টে রাজ্য সরকারের অ্যাডভোকেট জেনারেল হলেন সৌমেন্দ্রনাথ মুখোপাধ্যায়। একটি সূত্রের দাবি, মঙ্গলবার সকালে তিনি তাঁর পদ থেকে ইস্তফা দেওয়ার ইচ্ছা প্রকাশ করেছেন। সৌমেন্দ্রনাথবাবুর পরিবর্তে পুনরায় অ্যাডভোকেট জেনারেল করা হতে পারে কিশোর দত্তকে। অতীতে কিশোরবাবু এজি পদে ছিলেন। তা ছাড়া আলোচনায় উঠে আসছে আরও বেশ কয়েকটি নাম। সোমবার রাজ্য প্রশাসনের শীর্ষ কর্তাদের নিয়ে বৈঠকে বসেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৈঠকে ছিলেন মুখ্য সচিব হরিকৃষ্ণ দ্বিবেদী ও রাজ্যের গোয়েন্দা বিভাগের প্রধান তথা এডিজি সিআইডি রাজশেখরণ। পরে আইন মন্ত্রী মলয় ঘটককে বৈঠকে ডেকে নেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নবান্ন সূত্রের মতে, কলকাতা হাইকোর্টে উপর্যুপরি মামলায় রাজ্য সরকার যেভাবে ধাক্কা খেয়েছে তাতে আইন মন্ত্রীর ভূমিকা নিয়েও খুশি নন মুখ্যমন্ত্রী। সোমবারের বৈঠকে আইনমন্ত্রী মলয় ঘটককের সঙ্গেও একপ্রস্থ আলোচনা করেন মুখ্যমন্ত্রী। জানা গিয়েছে, এর পর আইনজীবী কিশোর দত্তের সঙ্গে ফোনে যোগাযোগ করার চেষ্টা করেন আইন মন্ত্রী মলয় ঘটক। কিন্তু শুরুতে কিশোরবাবুকে ফোনে পাননি আইনমন্ত্রী। তার পর দূত মারফ বার্তা দেওয়া হয় যে রাজ্য সরকার তাঁকে ফের অ্যাডভোকেট জেনারেল করার কথা বিবেচনা করছে। কিশোরবাবু শেষমেশ তাতে রাজি হন কিনা এখন সেটাই দেখার।

'সবাই চোর, ও একা সাধু', স্ব-পুত্র আয়কর নোটিস পেয়েই মুখ খুললেন মন্ত্রী অখিল গিরি

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ নভেম্বরঃ রাজ্যের কারামন্ত্রী অখিল গিরি ও তাঁর পুত্র সুপ্রকাশ গিরিকে নোটিস পাঠাল ইনকাম ট্যাক্স বা আয়কর বিভাগ। আগামী ১৩ নভেম্বর তাঁদের হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে। এদিন ইমেল মারফত আয়কর দফতরের নোটিস পান মন্ত্রী ও তাঁর পুত্র। আয়কর নোটিস প্রসঙ্গে মন্ত্রী কোনও মন্তব্য করতে চাননি। তবে মন্ত্রী পুত্র তথা কাঁথি পুরসভার ভাইস চেয়ারম্যান সুপ্রকাশ গিরি ঘটনার সত্যতা স্বীকার করে নিয়ে বলেন, ''সম্প্রতি বিজেপির কিছু নেতা আমাকে ও আমার বাবাকে নিয়ে কিছু উস্কানিমূলক মন্তব্য করেছিলেন। হতে পারে তাতেই প্রভাবিত হয়ে এই নোটিস। যাই হোক আমরা স্বচ্ছ, নিরপেক্ষ তদন্ত চাই।'' সম্প্রতি রাজ্যপালকে কুকথা বলার অভিযোগ ওঠে রাজ্যের কারামন্ত্রী অখিল গিরির বিরুদ্ধে। সোমবার এই বিষয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোসকে চিঠি লিখে অবিলম্বে অখিলকে পদ থেকে অপসারণের দাবিও জানিয়েছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তারপরই ইনকাম ট্যাক্সের এমন নোটিসের নেপথ্যে রাজনৈতিক ষড়যন্ত্রের সম্ভবনা উড়িয়ে দিচ্ছেন না অখিল পুত্র। সোমবার সোশ্যাল সাইটে রাজ্যের কারা প্রতিমন্ত্রী অখিল গিরির একটি ভিডিও ক্লিপিংস পোস্ট করেছিলেন শুভেন্দু। দুরন্ত বার্তা অবশ্য ভিডিও-র সত্যতা যাচাই করেনি। শুভেন্দুর পোস্ট করা ভিডিওয় অখিল গিরিকে

রাজ্যপালের উদ্দেশে নাম না করে বলতে শোনা যাচ্ছে, 'এত হম্বিতম্বি কীসের? আমরা পারি না কি? কলার ধরে ১০ মিনিটে তোমাকে জেলে ঢুকিয়ে দিতে পারি আমরা, আমাদের কাছে যে কাগজ আছে। নবান্নতে যা কাগজ আছে। আমরা দেখছি।' রাজ্যপালের উদ্দেশে অখিলকে আরও বলতে শোনা যায়, 'সিভি আনন্দ বোসের ব্যাপারটা আমরা জানি না কি? কেন কুণাল ঘোষের পুজো উদ্বোধন করতে গেছ আমরা জানি না কি? হোয়াটসঅ্যাপে কী আছে তোমার? তুমি কেন মুখ্যমন্ত্রীকে ডেকেছ ১০ তারিখে আমরা জানি না? তোমার তদন্ত আমরা ধরব। ছাড় পাবে না আমাদের কাছে। আমাদেরও আইবি (গোয়েন্দা) আছে। আমাদেরও ফাইল রেডি।' এর আগে রাষ্ট্রপতি সম্পর্কে কুকথা বলার অভিযোগ উঠেছিল অখিল গিরির বিরুদ্ধে। সেই সময় দলেরও সমালোচনার মুখে পড়েছিলেন তিনি। রাজ্যপালকে লেখা চিঠিতে শুভেন্দু ওই প্রসঙ্গ উল্লেখ করে লিখেছেন, রাষ্ট্রপতি ও রাজ্যপালকে আক্রমণ করেন এমন কারও মন্ত্রীর পদে থাকার অধিকার নেই। তাঁকে ওই পদ থেকে অপসারণ করা উচিত। রাজ্য যাতে ওই মন্ত্রীর বিরুদ্ধে পদক্ষেপ করে, সেই সম্পর্কে আপনার কড়া সুপারিশ করা উচিত। নোটিশ পেয়েছেন স্বীকার করে মন্ত্রী অখিল গিরি বলেন, ''নিয়ম মেনেই পদক্ষেপ নেওয়া হবে। নোটিশের উত্তর দেব।'' একইসঙ্গে শুভেন্দু অধিকারীর ট্যুইট প্রসঙ্গে মন্ত্রীর মন্তব্য, ''সবাই চোর, ও একা সাধু''। অবশ্য একইসঙ্গে মন্ত্রী বলেন, ''আমি শুভেন্দুর মন্তব্যে কোনও প্রতিক্রিয়া দিতে চাই না। তবে মুখ্যমন্ত্রীকে উদ্দেশ্য করে তিনি যা কটূক্তি করেছেন তার নিন্দা করি।''

শুটিং করতে দিয়ে বিপুল লক্ষ্মীলাভ রেলের

দুরন্ত বার্তা,৭নভেম্বরঃসূত্র বলছে শুটিং করার জন্য প্রযোজকদের প্রথম পছন্দ শিয়ালদহ স্টেশন।শিয়ালদহের পরের পছন্দ কলকাতা স্টেশন। এর পরের পছন্দের তালিকায় আছে হাওড়া ও আসানসোল স্টেশন। উল্লেখ্য, ২০২০-২১ অর্থবর্ষে পূর্ব রেল শুটিং থেকে পেয়েছিল ৭ লক্ষ ৭৪ হাজার টাকা। ২০২১-২২ অর্থবর্ষে পূর্ব রেল শুটিং থেকে আয় হয়েছিল ১৪ লক্ষ ৪৮ হাজার টাকা। ২০২২-২৩ অর্থবর্ষে পূর্ব রেল শুটিং থেকে পেয়েছে (ডিসেম্বর পর্যন্ত) ১৮ লক্ষ টাকা।প্রসঙ্গত, সিনেমা, সিরিয়াল ও ওয়েব সিরিজের জন্য ভাড়া নেওয়া হচ্ছে স্টেশন বিল্ডিংও। আপাতত যাত্রীসংখ্যা ও গুরুত্ব নিরিখে স্টেশন তিন প্রকার। প্রথম শ্রেণির স্টেশনে শুটিং করতে হলে লাইসেন্স ফি ২ লক্ষ টাকা। দ্বিতীয় শ্রেণির স্টেশনে শুটিং করতে হলে লাইসেন্স ফি দেড় লক্ষ টাকা। তৃতীয় শ্রেণির স্টেশনে শুটিং করতে হলে লাইসেন্স ফি এক লক্ষ টাকা। স্টেশনের পাশাপাশি সাধারণ রোলিং স্টক নিলে দিতে হবে ৪ লাখ ৭৪ হাজার টাকা। রোলিং স্টকে স্পেশালাইজেশন চাইলে দিতে হবে সাড়ে ৭ লক্ষ টাকা। রোলিং স্টক ও স্টেশন-সহ নিতে হলে দিতে হবে ১৫ লক্ষ টাকা।এছাড়া বিমা করা থাকে রেলের। প্রযোজক সংস্থাই করে। রোলিং স্টকে ১০ কোটি। স্টেশনের জন্য ২ কোটি। যত ব্যক্তি শুটিংয়ে থাকবেন তাঁদের মাথাপিছু ১ লক্ষ টাকা করে ধার্য। আয় হলেও রয়েছে আশঙ্কা।এক রেলকর্তার কথায়, আয়ের জন্য শুটিংয়ে স্টেশনের ব্যবহার বহু দিনের রীতি। দীর্ঘ বেশ কয়েক বছর আগে হাওড়া স্টেশনে শুটিং করেছিলেন মুম্বইয়ের অনিল কাপুর। শুটিং দেখতে যাত্রী উসাহ ছিল এতটাই যে ক্যাবওয়েতে থাকা প্রইভেট গাড়ির উপর চড়ে যায় শ'য়ে শ'য়ে যাত্রী। গাড়ির ছাদ দুমড়ে-মুচড়ে যায় বেশ কয়েক ডজন গাড়ির। অভিযোগে বেশ কয়েক বছর রাশও টানা হয় শুটিংয়ে ভাড়া দেওয়ার ক্ষেত্রে। ফের সমস্যার মুখে পড়তে হবে না তো? এই আশঙ্কায় এখন রেলকর্তারা।

পেট্রোল-ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ৭ নভেম্বরঃআন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। ব্রেন্ট ক্রুড ব্যারেল প্রতি ৮৫ ডলারের কাছাকাছি এবং ডব্লিউটিআই ক্রুড প্রতি ব্যারেল ৮১ ডলারের কাছাকাছি। যদিও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনো পরিবর্তন করেনি।ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, মঙ্গলবার রাজধানী দিল্লিতে পেট্রোলের দাম ছিল ৯৬.৭২ টাকা এবং ডিজেলের দাম ৮৯.৬২ টাকা প্রতি লিটার। একই সময়ে, মুম্বইতে পেট্রোল প্রতি লিটার ১০৬.৩১ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকা। একইভাবে, কলকাতায় পেট্রোল বিক্রি হচ্ছে ১০৬.০৩ টাকা এবং ডিজেল প্রতি লিটারে ৯২.৭৬ টাকায়। যেখানে চেন্নাইতে পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের দাম প্রতি লিটার ৯৪.২৪ টাকা।আন্তর্জাতিক বাজারে, ব্রেন্ট ক্রুড সপ্তাহের দ্বিতীয় দিনের শুরুতে ০.২৭ ডলার বা ০.৩২ শতাংশ হ্রাসের সাথে ব্যারেল প্রতি ৮৪.৯১ ডলারে রয়েছে। একই সময়ে, ওয়েস্ট টেক্সাস ইন্টাররমিডিয়েট (ডব্লিউটিআই) অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮০.৬৪ ডলারে লেনদেন করছে, যা ০.২২ ডলার বা ০.২৭ শতাংশ কমেছে।

ঈশ্বরের ভাষা...

সোমিন্দ্র কুমার(জ্যোতিষী, বাস্তুবীদ,ট্যারোট কার্ড রিডার, গুপ্ত সাধক)-ঈশ্বরের ভাষা সংস্কৃত নয়,নয় ইংরেজি,বাংলা,উর্দু।তার ভাষা শুধু yes।সবকিছুতে হ্যাঁ। ... ভালো তে হ্যাঁ, খারাপে ও হ্যাঁ। তিনি সিদ্ধান্ত ছেড়েছেন আমাদের হাতে brain আর heart দিয়ে। আমি ভালো নেবো না খারাপ নেবো।তিনি সব কিছুতে খুশি হন আমাদের পাইয়ে দেওয়ার মধ্যে । এ এক গভীর ষড়যন্ত্র ও রাজনীতি। এই রাজনীতির পিছনে থাকে কূটনীতি । এই কূটনীতির মালিক অদৃশ্য থেকে আমাদের কার্মিক ফল প্রাপ্ত করছেন। কারোর সর্বনাশ আবার কারোর পৌষ মাস আসল কথা হলো সৃষ্টি আর বিনাশের মধ্যে জৎগতের মঙ্গল সাধন করে চলেছেন তিনি। তিনি বলতে কে সেই আমি।আমিতেই সব। শব,সমাধি ,সৃষ্টি।আকারহীন ''আমিতে'' সকার হয়ে বাস করার অনুভূতিগুলো সব ঘুরে বেড়ায় যাযাবরের ন্যায়। " সুপ্রভাত .... একটু অনুভূতির প্রকাশের চেষ্টা মাত্র ।। সংগৃহীত- samiha basu(fb acount)

এমন একটি সরকার বেছে নিন যা অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের প্রচার করেঃঅনুরাগ ঠাকুর

নয়াদিল্লি, ৭ নভেম্বর ঃ এমন একটি সরকার বেছে নিন যা অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের প্রচার করে বলে মঙ্গলবার মন্তব্য করলেন কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। মঙ্গলবার তিসগড় ও মিজোরাম বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোট অনুষ্ঠিত হচ্ছে। এরই মধ্যে কেন্দ্রীয় মন্ত্রী অনুরাগ ঠাকুর এক্স হ্যাণ্ডেলে পোস্ট করে এমন একটি সরকার বেছে নেওয়ার আহ্বান জানিয়েছেন যারা নাকি অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের প্রচার করবে।মঙ্গলবার এক্স-এ পোস্ট করে তিনি লেখেন, ছত্তিশগড় আজ গণতন্ত্র উদযাপন করছে। আমি ছত্তিশগড়ের প্রথম পর্বের সমস্ত ভোটারদের নিজেদের এবং তাদের সন্তানদের উজ্জ্বল ভবিষ্যতের জন্য, আমাদের রাজ্যকে দুর্নীতি ও কেলেঙ্কারি থেকে মুক্ত করতে অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের প্রচার করতে সমাজের প্রতিটি শ্রেণীকে সঙ্গে নিয়ে এগিয়ে যাওয়ার জন্য ভোট দিতে অনুরোধ করছি। ভোট দিয়ে সরকার বেছে নিন।

যান্ত্রিক গোলযোগের কারণে ভোট দিতে পারলেন না মিজোরামের মুখ্যমন্ত্রী

ইম্ফল, ৭ নভেম্বর ঃ মিজোরামে বিধানসভা নির্বাচন শুরু হয়েছে। মঙ্গলবার সকাল ৭টা থেকে ভোটগ্রহণ শুরু হয়। ৪০টি কেন্দ্রে মোট ১২৭৬টি বুথে ভোট চলছে। ভোট উপলক্ষ্যে কড়া নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে মিজোরামকে। রাজ্যের সীমানা সিল করে দেওয়া হয়েছে। নির্বিঘ্নে ভোট দিতে সকাল-সকাল বুথে যথেষ্ট ভিড়। যদিও এদিন যান্ত্রিক গোলযোগের কারণে ভোট দিতে পারলেন না মিজোরামের মুখ্যমন্ত্রী জোরামথাঙ্গা।মিজোরামের মুখ্যমন্ত্রী এদিন সকাল সকাল ভোট দিতে গিয়েছিলেন। কিন্তু আইজলের বুথ থেকে বেরিয়ে তিনি জানান, তিনি ভোট দিতে পারেননি। যান্ত্রিক গোলযোগের কারণে ভোট দেওয়া সম্ভব হয়নি। বুথ থেকে বেরিয়ে গিয়েছেন তিনি। জানিয়েছেন, সকালের কাজ সেরে পরে এসে ভোট দেবেন। ভোটকেন্দ্রে দাঁড়িয়ে জোরামথাঙ্গা এ-ও জানিয়েছেন, তাঁর দল এমএনএফের সংখ্যাগরিষ্ঠতা নিয়ে জয়ের বিষয়ে তিনি নিশ্চিত। বিজেপির সঙ্গে তাঁর দলের কোনও যোগ নেই বলেও তিনি জানিয়েছেন।মঙ্গলবার সকাল ৭টা থেকে মিজোরাম বিধানসভার ৪০টি আসনের ভোটগ্রহণ শুরু হয়। নির্বাচন কমিশনের প্রকাশিত তথ্য অনুযায়ী, সকাল ৯টা পর্যন্ত রাজ্যে ১৩.২৬ শতাংশ ভোট পড়েছে। দুই ঘন্টার মধ্যে সর্বোচ্চ ভোট পড়েছে হানহাথিয়াল এবং লওয়াংতলাইতে ২০-২০ শতাংশ। মিজোরামের ৪০টি আসনের জন্য মোট ১৭৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। মিজোরাম বিধানসভা নির্বাচনে ৮.৫৭ লক্ষেরও বেশি ভোটার প্রার্থীদের নির্বাচনী ভাগ্য নির্ধারণ করবেন। মিজোরামে ১২৭৬ টি ভোটকেন্দ্রে সকাল ৭টা থেকে ভোট শুরু হয়েছে এবং বিকাল ৪টা পর্যন্ত চলবে।

টাইম্‌ড আউট বিতর্ক!জোড়া ছবি দিয়ে প্রমাণ করলেন ' ছিলেন না'

দুরন্ত বার্তা,৭নভেম্বরঃ বিশ্বকাপের মঞ্চে প্রথম বার এমন ঘটনা ঘটল,বাংলাদেশের বিরুদ্ধে টাইম্‌ড আউট হয়েছেন অ্যাঞ্জেলো ম্যাথেউজ।স্বাভাবিক ভাবেই এই ভাবে আউট হওয়া মেনে নিতে পারছেন না শ্রীলঙ্কার অভিজ্ঞ অলরাউন্ডার। তিনি জানালেন যে, তাঁর কাছে প্রমাণ রয়েছে। ছবি দেখিয়ে প্রমাণ দিলেন যে, তিনি আউট ছিলেন না।সোমবার মুখোমুখি হয়েছিল বাংলাদেশ এবং শ্রীলঙ্কা। এই দুই দল মুখোমুখি হলেই ক্রিকেটের সঙ্গী হয় বিতর্ক। ক্রিকেটবিশ্ব নতুন ধরনের একটা আউট দেখল। মাঠে ব্যাটার দেরি করে নামার অভিযোগে আউট চাইল ফিল্ডিং দল। নিয়ম মেনে আউট দিলেন আম্পায়ারও।উল্লেখ্য, সোমবার শ্রীলঙ্কার সাদিরা সমরবিক্রম আউট হওয়ার পরে খেলতে নামেন ম্যাথেউজ। নির্ধারিত সময়েই মাঠে নেমেছিলেন। কিন্তু ব্যাট করতে যাওয়ার আগে হেলমেট পরার সময় ম্যাথেউজের হেলমেটের স্ট্র্যাপ ছিঁড়ে যায়। ফলে তিনি নিজের দলের ডাগআউটের দিকে ইঙ্গিত করে বিকল্প একটি হেলমেট আনতে বলেন। সেই হেলমেট আনতে যে সময় লাগে, তার মাঝেই আম্পায়ারের দ্বারস্থ হন শাকিব। দাবি করেন, নির্ধারিত সময় পেরিয়ে গিয়েছে। তা হলে কেন ম্যাথেউজকে আউট দেওয়া হবে না? আম্পায়ার আউট দিয়ে দেন।সোমবারের ঘটনা প্রসঙ্গে ম্যাথেউজ সমাজমাধ্যমে লেখেন, চতুর্থ আম্পায়ার ভুল সিদ্ধান্ত দিয়েছেন। ভিডিয়োতে দেখা যাচ্ছে যে, আমার হেলমেটের স্ট্র্যাপ ছিঁড়ে যাওয়ার আগে ৫ সেকেন্ড ছিল। আমার মনে হয় সুরক্ষা সবার আগে। হেলমেট ছাড়া ব্যাট করা উচিত হত না।আম্পায়ারের দেওয়া আউটের সিদ্ধান্ত মানতে পারছেন না ম্যাথেউজ। তিনি সমাজমাধ্যমে দু'টি ছবি পোস্ট করে দেখান যে, সমরবিক্রম আউট হওয়ার পর থেকে তাঁর স্ট্র্যাপ ছিঁড়ে যাওয়া পর্যন্ত ১ মিনিট ৫৫ সেকেন্ড সময় লেগেছিল। অর্থা ৫ সেকেন্ড সময় ছিল ম্যাথেউজের কাছে। কিন্তু স্ট্র্যাপ ছিঁড়ে যাওয়ায় তিনি ব্যাট করতে পারছিলেন না। সেই ছবি পোস্ট করে ম্যাথেউজ লেখেন, ক্যাচ নেওয়া এবং আমার হেলমেটের স্ট্র্যাপ ছিঁা যাওয়ার মধ্যে কতটা সময় লেগেছিল তার প্রমাণ রইল।আইসিসি-র নিয়ম বলছে, একজন ব্যাটার আউট হওয়া বা অবসৃত হওয়ার ২ মিনিটের মধ্যে নতুন ব্যাটার অথবা নন-স্ট্রাইকারকে এসে বল খেলার জন্যে তৈরি থাকতে হয়, যদি না আগে থেকে নতুন ব্যাটার আম্পায়ারের কাছে ' আবেদন করে থাকেন। এই নিয়ম না মানা হলে, সংশ্লিষ্ট ব্যাটারকে ' আউট' দেওয়ার অধিকার রয়েছে আম্পায়ারের।

সোমবার ট্যাক্সি পরিষেবা বন্ধের জেরে ব্যাপক যাত্রী হয়রানি

দুরন্ত বার্তা,৭নভেম্বরঃ রাস্তায় যানশাসনের নামে ট্যাক্সিচালকদের নানা কারণে মামলায় জড়িয়ে হয়রান করার অভিযোগে সোমবার পথে নেমেছিলেন বাম শ্রমিক সংগঠন এআইটিইউসি-র ট্যাক্সিচালকেরা। তাঁদের ১২ ঘণ্টা পরিষেবা বন্ধ রাখার ডাকে এ দিন শিয়ালদহ, হাওড়া, কলকাতা স্টেশন ছাড়াও মধ্য এবং উত্তর কলকাতার বিস্তীর্ণ এলাকায় পরিষেবা নিয়ে সমস্যা দেখা দেয়। সকাল ১০টার পর থেকেই গুরুত্বপূর্ণ রেল স্টেশন ছাড়াও উত্তর এবং মধ্য কলকাতার বিভিন্ন বাজার এলাকায় হলুদ ট্যাক্সি পেতে গিয়ে সমস্যার মুখে পড়তে হয় যাত্রীদের। গিরিশ পার্ক, গণেশ টকিজ, বড়বাজার, পার্ক সার্কাস, গড়িয়াহাটের একাংশ, শিয়ালদহ স্টেশন চত্বর-সহ একাধিক এলাকায় হলুদ ট্যাক্সি পেতে গিয়ে নাজেহাল হতে হয়েছে যাত্রীদের। বহু জায়গাতেই প্রয়োজনের তুলনায় কম সংখ্যক ট্যাক্সি চোখে পড়েছে। দিন বেলা ১২টার কিছু আগে থেকে ট্যাক্সিচালকেরা লেনিন সরণি সংলগ্ন রাজা সুবোধ মল্লিক স্কোয়ারে জড়ো হতে শুরু করেন। দুপুর ১টা নাগাদ ওই রাস্তা থেকে ট্যাক্সিচালকদের মিছিল শুরু হয়। মিছিলের জেরে সাময়িক ভাবে নির্মলচন্দ্র স্ট্রিট এবং চিত্তরঞ্জন অ্যাভিনিউয়ের একাংশে যানজট দেখা দেয়। কয়েক হাজার ট্যাক্সিচালক লালবাজারের দিকে এগোনোর চেষ্টা করলে পুলিশ তাঁদের ফিয়ার্স লেনের কাছে ব্যারিকেড করে আটকে দেয়। ট্যাক্সিচালকেরা তখন রাস্তায় বসে পড়েন। এই ঘটনায় বি বি গাঙ্গুলি স্ট্রিট সাময়িক ভাবে অবরুদ্ধ হয়। পরে সংগঠনের পক্ষ থেকে যানশাসনের নামে ' নির্যাতন' বন্ধের দাবিতে ছ'দফা দাবি সংবলিত স্মারকলিপি দেওয়া হয়। ট্যাক্সিচালকদের যথেচ্ছ মামলায় জড়ানোর বিরোধিতা ছাড়াও উপযুক্ত পার্কিংয়ের ব্যবস্থার দাবি এবং দূষণ পরীক্ষার নামে গাড়ির ইঞ্জিনের ক্ষতি করার অভিযোগ জানানো হয়। পুলিশ সব দাবি খতিয়ে দেখছে বলে খবর।

শব্দবাজির ' তান্ডব'!মৃত ঘোড়া, আহত পুলিশকর্মী

দুরন্ত বার্তা,৭নভেম্বরঃ গত রবিবার কলকাতায় বিশ্বকাপের ভারত বনাম দক্ষিণ আফ্রিকার ম্যাচে বিপক্ষের শেষ উইকেট পড়ার পরেই শুরু হয়েছিল মাঠের বাইরে শব্দবাজির ' যার জেরে হৃদ্রোগে আক্রান্ত হয়ে মৃত্যু হল ঘোড়সওয়ার পুলিশের একটি ঘোড়ার। দুর্ঘটনায় আহত হয়ে দক্ষিণ কলকাতার এক বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন দুই ঘোড়সওয়ার পুলিশকর্মীও। তাঁদের মধ্যে এক জনের অবস্থা সঙ্কটজনক। জখম দু'জন দর্শকও।সূত্রের খবর, ম্যাচ শেষ হতেই ক্লাব হাউসের উল্টো দিকে পলাশি গেট রোডে ফাটানো হয় দেদার শব্দবাজি। কিছু ক্ষণ ধরে নাগাড়ে প্রবল শব্দে ফাটতে থাকে সেই সব বাজি। যার জেরে পুলিশের ঘোড়াগুলি আতঙ্কিত হয়ে পড়ে। মৃত ঘোড়াটির দেহের ময়না তদন্তের প্রাথমিক রিপোর্টে জানা গিয়েছে, আতঙ্কে হৃদ্রোগে আক্রান্ত হয় বছর পাঁচেকের ' অব রিজন্স'। খেলা চলাকালীন ইডেনের বাইরে ঘোড়াগুলির কাছাকাছি ছিলেন কলকাতা পুলিশের পশু চিকিৎসক সুরজি বসু। তিনি ওই রাতে মৃত ঘোড়াটির দেহের ময়না তদন্তও করেন। সুরজিতের কথায়, ' গেট রোডে ছ'জন ঘোড়সওয়ার পুলিশ ছিলেন। খেলা শেষ হতেই তীব্র আওয়াজ ও আলোর ঝলকানিতে ঘোড়াগুলি ভয় পেয়ে ছোটাছুটি শুরু করে।'' তিনি জানান, দর্শক ও পুলিশকর্মীদের আঘাত করে তিনটি ঘোড়া একাধিক গাড়ি ও মোটরবাইকের উপরে উঠে পড়ে। তিনি বলেন, ' থেকে বেশি আহত ঘোড়াটিকে বাঁচানোর অনেক চেষ্টা করেছিলাম। রাত ১০টা ৪০ মিনিটে সেটির মৃত্যু হয়।'' পুলিশ জানিয়েছে, আরও তিনটি ঘোড়া আহত হয়। একটি ঘোড়ার পেটে সেলাই হয়েছে। তিনটি ঘোড়ার চিকিৎসা চলছে। ঘোড়াগুলির আঘাতে পুলিশকর্মী, দর্শকেরাও জখম হন।এই ঘটনায় পুলিশের অনুমতি ছাড়াই ইডেনের বাইরে সিএবি কর্তৃপক্ষ দেদার শব্দবাজি ফাটিয়েছেন বলে অভিযোগ। যদিও সিএবি-র পাশাপাশি পুলিশের ভূমিকা নিয়েও সরব হয়েছেন পশুপ্রেমী ও পরিবেশকর্মীরা। তাঁদের সাফ কথা, ' বাইরে বেআইনি ভাবে শব্দবাজি ফাটানোয় সিএবি দোষী হলে পুলিশ দ্বিগুণ দোষী। চোখের সামনে শব্দবাজি ফাটলেও পুলিশ কেন তা বন্ধ করল না?''পুলিশের একাংশের বক্তব্য, ঘোড়সওয়ার বাহিনী ইডেনের বাইরে পার্কিং লটে ডিউটি করছিল। সেখানে যে বাজি ফাটানো হবে, তা তারা জানত না। ফলে, ওই এলাকায় বাজি মজুত হয়েছে কি না, তা-ও জানা ছিল না। দুর্ঘটনার পরে সরব হয়েছে একাধিক পশুপ্রেমী সংগঠন। তারা প্রশ্ন তুলেছে, শব্দবাজির তাণ্ডবের এই ঘটনার পরে পুলিশ কেন এখনও সিএবি-র বিরুদ্ধে মামলা রুজু করল না? পশুপ্রেমী দেবশ্রী রায় বলেন, ' আনন্দের জন্য সিএবি যে কাণ্ডটা ঘটাল, তাতে তাদের বিরুদ্ধে পুলিশের পদক্ষেপ করার কথা। পুলিশ থাকলেও তারা কেন বাজি ফাটানো বন্ধ করল না?''সিএবি-র প্রাক্তন কোষাধ্যক্ষ তথা কলকাতা পুরসভার পুরপ্রতিনিধি বিশ্বরূপ দে অবশ্য অভিযোগ করছেন, ' সিএবিতে থাকাকালীন ইডেনের খেলায় শব্দহীন বাজি ফাটানো হয়েছিল। রবিবার রাতে সমস্ত নিয়মই লঙ্ঘন হয়েছে।''

কেদার দর্শনার্থীদের হাতে চায়ের কাপ এগিয়ে দিলেন রাহুল

দুরন্ত বার্তা,৭নভেম্বরঃ এ বার জনসংযোগকে জোড়ালো করতে চায়ে পে চর্চার সাহায্য নিলেন রাহুল গান্ধী। ব্যক্তিগত সফরে উত্তরাখণ্ডের শৈবতীর্থ কেদারনাথে গিয়েছেন ওয়েনাড়ের সাংসদ। সেখানে সোমবার সকালে তাঁকে দর্শনার্থীদের হাতে চায়ের কাপ তুলে দিতে দেখা গেল। এই নিয়ে অবশ্য রাহুলকে কটাক্ষ করতে ছাড়েনি বিজেপি। বিজেপিকে পাল্টা আক্রমণ করেছে কংগ্রেসও।হেলিকপ্টাকে চেপে সোমবার ভোরে কেদারনাথে পৌঁছন রাহুল। তাঁকে স্বাগত জানান মন্দিদরের পুরোহিত, সেবায়েত এবং উত্তরাখণ্ড কংগ্রেসের কর্মীরা। রাহুলের মাথায় ছিল নীল রঙের টুপি, গায়ে জ্যাকেট। হঠাই একটি চায়ের দোকানে দাঁড়িয়ে পড়ে অন্য দর্শনার্থীদের চা দিতে থাকেন রাহুল। তিনি নিজে হাতে সকলকে চায়ের কাপ এগিয়ে দিচ্ছেন শুনে দোকানের সামনে ভিড় জমে যায়।কংগ্রেস সূত্রের খবর, রাহুলের এই উত্তরাখণ্ড সফর তাঁর ভারত জোড়ো যাত্রা কর্মসূচির বর্ধিত অংশ। এর আগে অমৃতসরের স্বর্ণমন্দিরে গিয়ে সেখানকার ' কাজে নিজেকে যুক্ত করেছিলেন প্রাক্তন কংগ্রেস সভাপতি। সোমবার সকালে নিজের ফেসবুক অ্যাকাউন্টে কেদার-যাত্রার কয়েকটি ছবি পোস্ট করে রাহুল লেখেন, কেদারনাথ যাত্রার সময়ে দর্শনার্থীদের চা দিলাম। রাহুল আরও লেখেন যে, আজ আমি উত্তরাখণ্ডের কেদারনাথ ধামে গিয়েছিলাম। সেখানে আমি পুজো দিয়েছি। হর হর মহাদেব।পাঁচ রাজ্যে ভোটের আগে রাহুলের এই কেদার-সফর নিয়ে রাজনৈতিক বিতর্ক থেমে থাকেনি।বিজেপির অভিযোগ, ভোটের স্বার্থেই রাহুলের এই কেদার-দর্শন। বিজেপিকে পাল্টা আক্রমণ করে কংগ্রেসের তরফে বলা হয়, প্রকৃত সদ্বুদ্ধি বিজেপিরই প্রয়োজন। বিজেপি মনে করে, ওরা বাদে সবাই দুর্নীতিগ্রস্ত। আসলে দুর্নীতিগ্রস্ত নেতারা বিজেপিতে গিয়ে আশ্রয় পেয়ে থাকেন।

রশ্মিকার বিকৃত ভিডিও ভাইরাল!আইনি ব্যবস্থার দাবি অমিতাভের

দুরন্ত বার্তা,৭নভেম্বরঃ অভিনেত্রী রশ্মিকা মঃদনার একটি ভিডিয়ো নিয়ে তোলপা। সোশালমিডিয়া থেকে বলিউড। ভিডিয়োয় দেখা যাচ্ছে, একটি কালো পোশাক পরে লিফ্‌ট থেকে বেরিয়ে আসছেন অভিনেত্রী। তাঁর পরনের সেই পোশাক সাহসী তো বটেই, তবে বেশ কুরুচিকর। পোশাকের ডিপ নেকলাইনের কারণে স্পষ্ট রশ্মিকার বক্ষবিভাজিকা। দৈর্ঘ্যের নিরিখে অভিনেত্রীর উরু পেরোয়নি সেই পোশাক। সাধারাণত এমন পোশাকে কখনও দেখা যায় না অভিনেত্রীকে। সেই ভাবনা থেকেই প্রথমে সন্দেহ জাগে অভিনেত্রীর অনুরাগীদের মনে। জানতে পারা যায়, এই ভিডিয়োর মহিলা আদপে রশ্মিকা নন। অন্য এক মহিলার ভিডিয়োয় কারসাজি করে অভিনেত্রীর মুখ বসানো হয়েছে। এই তথ্য জানার পরেই অপরাধীর বিরুদ্ধে কড়া শাস্তির দাবি জানাতে শুরু করেন রশ্মিকার অনুরাগীরা।সেই একই দাবিতে সরব হয়েছেন অমিতাভ বচ্চন ও। অপরাধীর বিরুদ্ধে কড়া আইনি পদক্ষেপের পক্ষে সওয়াল করলেন বিগ বিড় মাজমাধ্যমের রশ্মিকার ওই ভিডিয়ো ছড়িয়ে পড়ার কিছু ক্ষণের মধ্যে জানতে পারা যায়, ওই ভিডিয়ো আসলে কৃত্রিম মেধা তথা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই)-এর কারসাজি। এআইয়ের সাহায্যেই জারা প্যাটেল নামক এক মহিলার ভিডিয়োয় রশ্মিকার মুখ বসানো হয়েছে। অর্থা ভিডিয়ো মুখ রশ্মিকার হলেও তাঁর পরনের পোশাক আদপে তাঁর নয়। গোটা ঘটনাটি আসল ভিডিয়ো সমেত সমাজমাধ্যমের পাতায় পোস্ট করা হলে তা রিপোস্ট করে বিগ বি আইনি ব্যবস্থা নেওয়ার দাবি জানান। সমাজমাধ্যমের পাতায় বিগ বি লেখেন, ' বিষয়টা খুবই গুরুতর, এবং এ নিয়ে আইনি ব্যবস্থা নেওয়া দরকার।'উল্লেখ্য, ২০২২ সালে রশ্মিকার বলিউডে আত্মপ্রকাশ অমিতাভের হাত ধরেই। ' ছবিতে বিগ বির মেয়ের চরিত্রে অভিনয় করেছিলেন রশ্মিকা।

খলিস্তানপন্থীদের লক্ষ্য ১৯ নভেম্বর, অপচেষ্টা রুখতে তৎপর ভারত সরকার

মুম্বাই, ৭ নভেম্বরঃআগামী ১৯ নভেম্বর বিশ্বকাপ ফাইনাল আয়োজিত হবে আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে।কিন্তু ওইদিন ফাইনাল নিয়ে আচমকাই দেখা গিয়েছে জটিলতা। কানাডা থেকে খলিস্থানপন্থী আতঙ্কবাদী নেতা গুরপাটবন্ত সিং পান্নুন ওইদিন নাশকতার হুমকি দিয়েছেন। গঠনটির নাম পান্নুন শিখস ফর জাস্টিস। খলিস্তানপন্থী এই সংগঠনকে সন্ত্রাসবাদী কার্যকলাপের সাথে জড়িত থাকার অভিযোগে নিষিদ্ধও করা হয়েছে। এর একটি ভিডিও ছড়িয়ে পড়েছে অন্তর্জালের দুনিয়ায়। সেখানে পান্নুন বলেছেন, শিখদের কাছে আমরা আবেদন জানাচ্ছি ওইদিন এয়ার ইন্ডিয়া ব্যবহার না করতে। ১৯ নভেম্বর থেকে বিশ্বব্যাপী নিষেধাজ্ঞা জারি হবে। এয়ার ইন্ডিয়া পরিষেবা দিতে পারবে না। ১৯ নভেম্বরের পর এয়ার ইন্ডিয়ায় যাতায়াত করলে জীবনের ঝুঁকি থাকতে পারে।গুরপাটওয়ান্ত সিং পান্নুনের হুমকি কেবল মাত্র এয়ার ইন্ডিয়ার বিমান পরিষেবার জন্য নয়, নাশকতার হুমকি দেওয়া হয়েছে রাজধানী দিল্লীর ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরও।

জেলাস্তর হস্তশিল্প প্রতিযোগিতা ও প্রদর্শনীর আয়োজন

মালদা,৭নভেম্বরঃজেলাস্তর হস্তশিল্প প্রতিযোগিতা ও প্রদর্শনীর আয়োজন। মঙ্গলবার দুপুরে মালদা শহরের অতুল মার্কেট সংলগ্ন এলাকায় জেলা শিল্প কেন্দ্রের সভাকক্ষে হস্তশিল্পের প্রদর্শনী ও প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রদীপ প্রজ্জলন করে তিন দিনব্যাপী জেলাস্তর হস্তশিল্প প্রতিযোগিতা ও প্রদর্শনীর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। উপস্থিত ছিলেন, জেলাশাসক নীতিন সিংহানিয়া, অতিরিক্ত জেলাশাসক দেবাহুতি ইন্দ্র, ইংরেজবাজার পৌরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দু নারায়ন চৌধুরী, মালদা জেলা পরিষদের কর্মাধ্যক্ষ রেজিনা মুর্মু, জাতীয় পুরস্কার প্রাপ্ত হস্তশিল্পী বিপদ ভঞ্জন সাহা, শিল্পী মঞ্জু শর্মা সহ অন্যান্য আধিকারিক ও শিল্পীরা।জানা গিয়েছে, শতাধিক শিল্পী হস্তশিল্প প্রদর্শনী ও প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। শিল্পীদের স্বনির্ভর করার লক্ষ্যে প্রশাসনের উদ্যোগে আয়োজন করা হয় হস্তশিল্প প্রদর্শনী ও প্রতিযোগিতার। কাঠ,শোলা, কাপড়, বাঁশ,সুতো,মার্বেল ডাস্ট সহ বিভিন্ন ধরনের সামগ্রী দিয়ে হস্তশিল্প তৈরি করে প্রদর্শনীতে অংশ নেন জেলার শতাধিক শিল্পীরা। শিল্পীদের স্বনির্ভর করার লক্ষ্যে হস্তশিল্প প্রদর্শনী ও প্রতিযোগিতা আয়োজন করার উদ্যোগকে সাধুবাদ জানান অনুষ্ঠানে আগত

কেন্দ্রীয় সরকারের সারের উপর ভর্তুকি তুলে নেওয়ার দাবিতে গঙ্গারামপুরে ঠেঙ্গাপাড়াতে পথ অবরোধ সিপিআইএমের

জয়দীপ মৈত্র,দক্ষিণ দিনাজপুরঃসারাভারত কৃষকসভা ও সারাভারত ক্ষেতমজুর ইউনিয়নের উদ্যোগে সারের কালোবাজারি বন্ধ করা, সারের উপর কেন্দ্রীয় সরকারের ভর্তুকি তুলে নেওয়ার বিরুদ্ধে ১০০দিনের কাজ চালু করতে হবে, সরকারি মূল্যে কৃষকদের কাছ থেকে ফসল কিনতে হবে ও ক্ষেতমজুর দের বিভিন্ন দাবি নিয়ে মঙ্গলবার সকালে ঠ্যাঙ্গাপাড়া বাজারে পথ অবরোধ হলো।উপস্থিত ছিলেন কৃষকসভার পক্ষ থেকে গঙ্গারামপুর থানা কমিটির সম্পাদক কমরেড মনীন্দ্র নাথ সরকার, কমরেড বাবুল চন্দ্র রায়, বাবলু রায়, মিলন ভৌমিক,ক্ষেতমজুর ইউনিয়নের জেলা সভাপতি সুবীর কুমার দাস, এবং তাদের এই আন্দোলনকে সংহতি জানিয়ে উপস্থিত ছিলেন শ্রমিক নেতা অচিন্ত্য চক্রবর্তী, কমরেড পার্থ সরকার, অধ্যাপক সমিতি ও শিক্ষক সংগঠনের পক্ষ থেকে তৌহিদ ই আমন, কমরেড সুশান্ত বিশ্বাস, যুবদের পক্ষ থেকে রতন সন্যাসী সহ আরও অনেকেই। মূলত গঙ্গারামপুরে ঠেঙ্গাপাড়াতে এই পথ অবরোধের জেরে মালদা বালুরঘাট ৫১২ নম্বর জাতীয় সড়ক অবরুদ্ধ হয়ে পরে এবং যার ফলে যানজটের সৃষ্টি হয়। পরে অবশ্য সিপিএমের তরফে পথ অবরোধ তুলে নিলে যান চলাচল স্বাভাবিক হয়।

বঙ্গ বিজেপি নেতৃত্বের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিলেন দলের সর্বভারতীয় সম্পাদক অনুপম

দুরন্ত বার্তা,৭নভেম্বরঃ পূর্ব বর্ধমানের কালনার বাঘনাপাড়ায় এক বিজয়া সম্মিলনী অনুষ্ঠানে এসে বঙ্গ বিজেপি নেতৃত্বের বিরুদ্ধে বিস্ফোরক মন্তব্য করেন দলের সর্বভারতীয় সম্পাদক অনুপম।তিনি বলেন-এখন বঙ্গ বিজেপিতে পদ মানেই গোলাম হয়ে যাওয়া। অনুপম পদাধিকারী কয়েকজন নেতাকে নিশানা করেন। বছরের পর বছর অবহেলা করার কারণে বিজেপি কর্মীরা আরও হিংস্র হয়ে উঠছে, বলেও দাবি করেন। কারণ হিসাবে পদাধিকারীদের কাঠগড়ায় তোলেন। সভায় বক্তব্য রাখতে গিয়ে অনুপম বঙ্গ বিজেপি নেতৃত্বের তীব্র নিন্দা করেন। বলেন, এখন যা বঙ্গ বিজেপির অবস্থা, পদ মানেই হচ্ছে আপনি তাদের গোলাম হয়ে গেলেন। পান থেকে চুন খসলেই আপনি শোকজ, নাহলে সাসপেন্ড, নাহলে পদ চলে যাবে। এরপরেই তিনি প্রশ্ন তোলেন, ' সবাই কি চাকর হতে ভালোবাসে নাকি?'এদিন ঘরের শত্রু বিভীষণদের ঝাটা মেরে বের করে দেওয়ার নিদান দেন অনুপম। বলেন, লোকসভা ভোটের মুখে আমাদের সামনে নতুন চ্যালেঞ্জ। আমাদের মধ্যে যেন কোনও চোর না থাকে। ঘরশত্রু বিভীষণদের ঝাঁটা মেরে বের করতে হবে। নাহলে আমাদের সর্বভারতীয় সভাপতি পশ্চিমবঙ্গে যে ৩৫ টি আসন দখলের কথা বলেছেন তা স্বপ্নই থেকে যাবে।তার আরো সংযোজন আপনারা চোখ-কান খোলা রাখলে দেখবেন বেশ কিছু নেতা আছে। আমাদের বোলপুরেও আছে। দিনে বিজেপি, রাতে তৃণমূল নেতার বা।তে মাংস-ভাত খাচ্ছেন। আরও কিছু খাচ্ছেন। এসব দোঁ-আঁশলাগিরি বন্ধ হওয়া দরকার।এর পরেই অনুপম বঙ্গ বিজেপি নেতৃত্বের উদ্দেশ্যে পরামর্শ দিয়ে জানান, যেসব পার্টি কর্মীর ক্ষোভ, বিক্ষোভ রয়েছে তাঁদের নিয়ে বসা ও কথা বলা উচিত। যদিও এদিনের বিজয়া সম্মিলনীতে কাটোয়া সাংগঠনিক জেলা বিজেপি নেতৃত্বকে দেখা যায়নি। বিজেপি জেলা সভাপতি গোপাল চট্টোপাধ্যায় বলেন, আজ দলের কোনও কর্মসূচি ছিল বলে আমার জানা নেই। উনি জাতীয়স্তরের নেতা। ওনার বন্ধুবান্ধবদের নিয়ে করতে পারেন। উনি দলের বিরুদ্ধে কিছু বললে সেটা ওঁর ব্যক্তিগত

নাট্য দলের বিজয়া সম্মেলন

আশিস কুমার ঘোষ,হাবড়াঃশ্রীনগর হাবড়া নাট্য মিলন গোষ্ঠীর উদ্যোগে প্রতি বছরের মতো এবারও নাট্যকর্মীদের বিজয়া সম্মেলন অনুষ্ঠিত হয়ে গেল উত্তর হাবড়া সেবা সংঘের বিবেকানন্দ ভবনে। উপস্থিত ছিলেন বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব সুতপেস চক্রবর্তী। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন নাট্যকার, নির্দেশক দিলীপ ঘোষ। অভিনেতা সুজয় রাহা, মাধুরী ঘোষ, বিউটি সরদার,শ্রাবনী সরদার সঙ্গীত,নৃত্য, আবৃত্তি ও আলোচনার মাধ্যমে অনুষ্ঠানটি প্রাণবন্ত করে তোলেন। সবশেষে মিষ্টিমুখের আয়োজন ছিল।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,৮নভেম্বর ঃবুধবার, ২১কার্তিক মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ৮নভেম্বরঃ ২০২৩, ৫৩৬ চৈত৪নাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ২১কার্তিক মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২০কার্তিক মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ ২১কার্তিক মাস ১৯৪৪, মৈতৈ ঃ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৯.৫ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২১.০৬ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৮৯শতকরা এবং ৫১শতকরা। বৃষ্টি হয়নি মঙ্গলবার । জোয়ার-সকাল ৬টা ২১ মিনিট এবং রাত৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৬টা ২০মিনিট। রাত-১০টে ২১ মিনিট। সূর্য উদয় আজঃ ৬ টা ২০মনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৫ টা ০২ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃআপনার স্বাস্হ্য ভালো রাখবে এমন জিনিসের উপর কাজ করার পক্ষে একটি কল্যাণকর দিন। আপনি আজ অজানা উৎস থেকে অর্থ অর্জন
বৃষভ রাশিঃআপনাদের মধ্যে যাঁরা যাঁরা সাম্প্রতিককালে সময়ের বেশি খাটছেন এবং তাও আবার আপনার শক্তি হারিয়ে- আজকের
মিথুন রাশিঃব্যস্ত সময়সূচী সত্ত্বেএ স্বাস্থ্য সুন্দর থাকবে। আপনি আজকে ভাল অর্থ উপার্জন করবেন- কিন্তু খরচ বৃদ্ধির ফলে আপনার সঞ্চয় করা কঠিন হবে।
কর্কট রাশিঃসংসারে শান্তি। বাড়িতে অতিথি আসতেপারে।
সিংহ রাশিঃআজ আপনি হালকা বোধ করবেন এবং উপভোগ করার সঠিক মেজাজে থাকবেন।
কন্যারাশিঃআপনি সাধারণত যেরকম দেখেন তার থেকে কম শক্তি নিজের মধ্যে দেখতে পাবেন- অতিরিক্ত কাজে যাবে।
তুলা রাশিঃআপনি অবসর যাপনের আনন্দ উপভোগ করবেন। কোন নতুন অর্থনৈতিক
বৃশ্চিক রাশিঃঅন্যদের সাথে খুশি ভাগ করে নেওয়ার মাধ্যমে স্বাস্হ্যের বিকাশ ঘটতে পারে।
ধনু রাশিঃ হৃদরোগীদের জন্য কফি ছাড়ার পক্ষে এটি সঠিক সময়। পরবর্তী যে কোন ব্যবহার আপনার হার্টে অহেতুক (অপ্রয়োজনীয়) চাপ সৃষ্টি করবে।
মকর রাশিঃআপনার মন ভাল জিনিষের প্রতি আগ্রহী হবে। আপনার বাসস্থান সংক্রান্ত বিনিয়োগ লাভজনক হবে না।
কুম্ভ রাশিঃআজকের দিনে বিশ্রাম অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে। আপনি রক্ষণশীল বিনিয়োগে বিনিয়োগ করে আরো বেশি অর্থ উপার্জন করতে পারেন। সংসারে শান্তি।
মীন রাশিঃআজকের দিনটি একটি বিশেষ দিন যেহেতু ভালো স্বাস্হ্য আপনাকে লক্ষ্যণীয় কিছু করতে সক্ষম করবে। দিনের পরেরভাগে টাকাপয়সার অবস্থার উন্নতি হবে। জিভকে সংযত করতে হবে যাতে বয়স্ক গুরুজনেদের অভিমানে আঘাত না লাগে। বাজে কথায় সময় নষ্ট

হাওড়ায় গাড়ি উল্টে মৃত ৩, জখম অন্তত ৮

শ্রেয়া অদক, হাওড়া, ৭ নভেম্বর ঃ ফের ভয়াবহ দুর্ঘটনা জাতীয় সড়কে। সবজির গাড়ি উল্টে মৃত ৩, আহত ৮। দুর্ঘটনাটি ঘটে মঙ্গলবার সকালে হাওড়ার ১৬ নম্বর জাতীয় সড়কের সলপ এলাকায়। ঘটনার জেরে যানজট ছড়িয়ে পড়ে জাতীয় সড়কে। জানা গেছে, পান ও সুপুরি নিয়ে পূর্ব মেদিনীপুরের মেচেদা থেকে শ্যামবাজারের দিকে আসছিল পণ্যবাহী গাড়িটি। সলপ এলাকায় গাড়ির চাকা ফেটে বিপত্তি ঘটে। গাড়িটি উল্টে যায়। ঘটনাস্থলেই একজনের মৃত্যু হয় বলে জানা গেছে। পুলিশ ও স্থানীয়দের সাহায্যে আহতদের দ্রুত হাসপাতালে নিয়ে আসা হয়। জানা গেছে, হাসপাতালে ১০ জন আহতকে আনা হয়। সেখানে আরও ২ জনের মৃত্যু হয়। দুর্ঘটনার কারণ তদন্ত করে দেখা হচ্ছে। ওই ঘটনা প্রসঙ্গে আমতার পেড়োর বাসিন্দা সাগর ঘাটা জানান, ঘটনাটি ঘটেছে সকাল প্রায় ৬টা নাগাদ। গাড়িটা আলমপুর থেকে আসার সময় পিছনের চাকা ফেটে যায়। এরপর নিয়ন্ত্রণ হারিয়ে বাঁদিকে পাল্টি খেয়ে পড়ে। এই ঘটনায় এক বয়স্ক ব্যক্তি ঘটনাস্থলেই মারা যান। আহতদের মধ্যে ৩ জনের অবস্থা গুরুতর। গাড়িটা দ্রুত গতিতে যাচ্ছিল।

মৃতদেহ দাহ করতে এসে শবযাত্রীদের বিক্ষোভ হাসনাবাদে

সৌরভ দাশ, হাসনাবাদ ,৭ নভেম্বর ঃ মৃতদেহ দাহ করতে এসে পাকা শ্মশান ঘাটের দাবিতে বিক্ষোভ শবযাত্রীদের। উত্তর ২৪ পরগনার হাসনাবাদ ব্লকের বরুনহাটি রামেশ্বরপুর গ্রাম পঞ্চায়েতের বরুনহাটি লস্করপাড়া শ্মশান ঘাটের ঘটনা। স্থানীয়রা জানান, এই পঞ্চায়েতের মধ্য বরুনহাটি এলাকায় পাঁচটি বুথের বাসিন্দাদের ব্যবহারের একটিই মাত্র শ্মশান ঘাট। সেই শ্মশান ঘাটটি দীর্ঘদিন সংস্কার করা হয়না বলে অভিযোগ। নেই কোনো বসার জায়গা,জলের ব্যাবস্থা এমনকি সংস্কারের অভাবে ইছামতীর চরে মৃতদেহ দাহ করা হচ্ছে বলে অভিযোগ তাদের। বেশ কয়েক বছর আগে শ্মশান যাত্রীদের জন্য একটি ঘর তৈরি করা হলেও সেটিও ব্যবহারের অনুপোযোগী হওয়ায় আগাছায় ঢেকে গেছে। মঙ্গলবার দুপুরে মৃতদেহ সৎকার করতে এসে এই সব বিষয় নিয়ে বিক্ষোভ দেখান শবযাত্রীরা। শবযাত্রী দের মধ্যে, বরুণহাটের বাসিন্দা কালিদাস হালদার বলেন, রোদ -ঝড় -জলে দাঁড়ানোর জন্য কোনো আচ্ছাদনও নেই, এই বিষয়ে প্রশাসন সম্পূর্ন রূপে উদাসিন। তনুপ কুমার লস্কর বলেন, সব নেতারাই এসে প্রতিশ্রুতি দেন কিন্তু কোনো দিনই এই সমস্যার সমাধান

হয়না। সুষ্ঠু ভাবে দাহকার্য সম্পন্ন করতে পাকা শ্মশান ও আশ্রয় স্থল সহ পানীয় জলের ব্যাবস্থার আবেদন জানান তিনি। বিশ্বজিৎ দাশ,মিনা হালদার রাও একই দাবি করেন। এ বিষয়ে বরুনহাটি রামেশ্বরপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান আবুল কালাম বলেন- পঞ্চায়েত নির্বাচনের জন্য কিছুদিন কাজ বন্ধ ছিলো। নতুন বোর্ড পঞ্চায়েতের দায়িত্ব পেয়েছে। ইতিমধ্যেই এই কাজের টেন্ডার হয়ে গেছে। খুব শীঘ্র টেন্ডার ওপেন হবে। যারা কাজের বরাৎ পাবে তাদের মাধ্যমে নভেম্বর মাসের মধ্যে কাজ শুরু হবে বলেও জানান তিনি। তিনি আরও জানান যে শ্মশান ঘাট নিয়ে বিক্ষোভ সেটি ছাড়াও পাশ্ববর্তী আরো একটি শ্মশান ঘাটের সংস্কারের কাজও একই সঙ্গে শুরু হবে ও খুব শীঘ্রই সমস্যার সমাধান হবে।

স্বরূপনগরে তরণীপুর-বেড়ে গোপালপুরে কাঠের সেতুর ভগ্নদশা, স্থায়ী সেতুর দাবি

সৌরভ দাশ,বসিরহাট , ৭ নভেম্বর ঃ জরাজীর্ণ অবস্থায় রয়েছে কাঠের সেতু। সেতুর উপর দিয়ে বাইক, সাইকেল ছাা তেমন কোনো যানবাহন চলতে পারে না। অগত্যা হেঁটে যাতায়াত করতে হয় অনেক কে। বেশ কিছু জায়গায় নেই রেলিং ও ফলত একপ্রকার ঝুঁকির যাতায়াত করতে হচ্ছে এলাকাবাসীকে।উত্তর ২৪ পরগনার স্বরূপনগরের তরণীপুর ও বেড়ে গোপালপুরের মধ্যে সংযোগকারী, ইছামতী নদীর উপর এই সেতু। স্বরূপনগর সহ সন্নিহিত এলাকার কয়েক লক্ষ মানুষের ভরসা এই সেতু। স্থানীয় মানুষের দীর্ঘদিনের দাবি এখানে স্থায়ী কংক্রিটের সেতু তৈরি করা হোক। এলাকার কেউ অসুস্থ মানুষকে বনগাঁ হাসপাতালে নিয়ে যাওয়ার মাধ্যম এই সেতু।স্থানীয় বেশ কয়েকটি বাজারের জিনিসপত্র ও আসে এই সেতুর ওপর দিয়েই। কয়েকটি উচ্চ বিদ্যালয় এবং প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের যাতায়াতের মাধ্যম ও এই সেতু। অতিপ্রয়োজনীয় হলেও বর্তমানে ভগ্ন প্রায় দশা সেতুটির। চারচাকা গাড়ি সহ কোন ভারি গাড়ি চলাচলে নিষেধাজ্ঞা থাকায়,অগত্যা প্রায় ত্রিশ কিলোমিটার ঘুরে অ্যাম্বুলেন্স থেকে শুরু করে সাধারন চার চাকার গাড়িকে যেতে হয় গন্তব্যে। স্থানীয়রা জানান, এখানে বাম আমলে এই কাঠের সেতুটি তৈরি হয়। কিন্তু মানুষের বহু বছরের চাহিদা এখানে একটি পাকা সেতু তৈরি হোক। যার ওপর দিয়ে সব রকম যানবাহন ,অ্যাম্বুলেন্স , ফায়ার ব্রিগেডের গাড়ি সহ সব যানবাহন চলাচল করতে পারে। প্রসঙ্গত ২০১১ সালে এখানে পাকা সেতুর জন্য অর্থ বরাদ্দ হয়। এবং সেই সময়কার বাম আমলের মন্ত্রী ক্ষিতি গোস্বামী পাকা সেতু তৈরীর জন্য শিলান্যাসও করেন। কিন্তু সেই পাকা সেতু তৈরি হয় নি। উত্তর ২৪ পরগনার জেলা পরিষদের সভাধিপতি নারায়ণ গোস্বামী জানিয়েছেন -রাজ্য সরকার এই ব্রিজের জন্য তেইশ কোটি টাকা বরাদ্দ করেছে।

অবিলম্বে এই ব্রিজের কাজ শুরু হবে । তিনি বলেন কেন্দ্রের ভারতমালা র রাস্তা তৈরির কথা ছিলো সে জন্য রাজ্য সরকার কাজটি শুরু করতে পারেনি। চার মাসে আগে তারা চিঠি দিয়ে জানায় ভারতমালার কাজ করবেনা।তারপর মমতা বন্দ্যোপাধ্যায় এই ব্রীজের কাজের জন্য অর্থ অনুমোদন করেছেন।কালীপুজোর পর ই এই ব্রীজের কাজ শুরু করা হবে। তবে যতদিন কংক্রীটের ব্রিজের কাজ শেষ না হয় ততদিনের জন্য কাঠের ব্রীজ টি কে আরো বেশী মজবুত করার চেষ্টা করা হবে বলে আশ্বাস দেন নারায়ণ গোস্বামী।

কলকাতা হাইকোর্টে নিযুক্ত সরকারি আইনজীবিকে বদলি

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ নভেম্বর ঃ রাজ্য সরকার কলকাতা হাইকোর্টে নিযুক্ত সরকারি আইনজীবিকে বদলি করেছে। শ্বাশত গোপাল মুখোপাধ্যায়কে পরিবর্তন করে দেবাশিষ রায়কে নতুন এই পদে আনা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এর আগে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল সন্ধ্যায় নবান্নে মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী, গোয়েন্দা বিভাগের এডিজি সিআইডি রাজশেখরন সহ আইনমন্ত্রী মলয় ঘটক ও প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠক করেছিলেন। কলকাতা হাইকোর্টে পরপর কয়েকটি মামলায় রাজ্য সরকার যেভাবে ধাক্কা খেয়েছে তা নিয়ে মুখ্যমন্ত্রী অসন্তোষ প্রকাশ করেন বলে সূত্রের খবর। সেখানে তিনি বর্তমান এ্যাডভোকেট জেনারেল সৌমেন্দ্র নাথ মুখার্জির ভূমিকা নিয়েও কিছুটা ক্ষোভ প্রকাশ করেন। এরপরে রাজ্যের তরফে প্রাক্তন এ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত র সঙ্গেও যোগাযোগের চেষ্টা করা হয় বলে জানা গিয়েছে।

ক্যানিং স্টেশনে দীর্ঘক্ষণ পড়ে মৃতদেহ, ক্ষোভ প্রকাশ যাত্রীদের

দুরন্ত বার্তা, ক্যানিং, ৭ নভেম্বর ঃ সোমবার গভীর রাত থেকেই অজ্ঞাত পরিচয় এক ব্যক্তির মৃতদেহ পড়ে থাকে শিয়ালদহ দক্ষিণ শাখার ক্যানিং স্টেশানে। দীর্ঘ আট ঘন্টার বেশি সময় ধরে জনবহুল এই স্টেশানে মৃতদেহটি পড়ে রইলেও কোন হেলদোল ছিল না রেল পুলিশের। স্থানীয় হকারদের দাবি রাত্রি প্রায় দুটোয় তাঁরা স্টেশনে এসে দেখেন মৃতদেহটি পড়ে রয়েছে, তখন থেকেই রেল পুলিশকে খবর দেওয়া হলেও সেই দেহ উদ্ধারের কোন প্রচেষ্টাই করা হয়নি। রেল পুলিশ বা স্টেশান কতৃপক্ষের এই উদাসীন মনোভাবে ক্ষোভ প্রকাশ করেন নিত্যযাত্রীরা। অবশেষে মঙ্গলবার বেলা বারোটা নাগাদ মৃতদেহ উদ্ধার করে ক্যানিং থানার পুলিশ। দেহ ময়নাতদন্তে পাঠানো হবে বুধবার। ওই ব্যক্তির নাম ও পরিচয় জানার চেষ্টা চালাচ্ছে পুলিশ।

অভিষেকের জন্মদিনে হাসপাতালে শিশুদের ফল বিতরণ হাওড়ায়

দুরন্ত বার্তা, হাওড়া, ৭ নভেম্বর ঃ অভিষেকের জন্মদিনে হাসপাতালে শিশুদের ফল বিতরণ হাওড়ায়। তৃণমূলের সেকেন্ড ইন কম্যান্ড অভিষেক বন্দ্যোপাধ্যায়ের জন্মদিন সাড়ম্বরে পালিত হলো হাওড়াতেও। সোমবার হাওড়া ময়দানের চিলড্রেনস হাসপাতালে অভিষেকের জন্মদিন উপলক্ষে শিশুদের হাতে ফল বিতরণ করা হয়। ডাঃ সুজয় চক্রবর্তীর উপস্থিতিতে এবং চিকিৎসক ডাঃ নিশীথ রঞ্জন চৌধুরী এবং তৃণমূল নেতা সুরজি সাহার উদ্যোগে এই কর্মসূচির আয়োজন করা হয়। ডাঃ সুজয় চক্রবর্তী বলেন, আজ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের জন্মদিন। সেই জন্য এই দিনে সকলে মিলে একসাথে বাচ্ছাদের ফল, পানীয় জল দেওয়ার কর্মসূচি নেওয়া হয়। হাসপাতালে মানুষের সেবা করা হয়। এদিন হাসপাতাল সেবার মাধ্যমেই অভিষেক বন্দ্যোপাধ্যায়ের জন্মদিন পালন করা হলো।

রাজ্য জুড়ে ঠান্ডা আমেজ, কমছে রাতের তাপমাত্রা

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ নভেম্বর ঃ মঙ্গলবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ২২.১ ডিগ্রি সেলসিয়াস। যা স্বাভাবিকের চেয়ে এক ডিগ্রি বেশি। আবহাওয়া দফতরের পূর্বাভাস, কলকাতার তাপমাত্রা ২০ ডিগ্রিতে নামতে পারে। আকাশ সাধারণত পরিষ্কার থাকার কথা। মঙ্গলবার দক্ষিণবঙ্গের কোনও জেলায় বৃষ্টি হবে না, এমনটাই পূর্বাভাস আবহাওয়া দফতরের । পাশাপাশি উত্তরবঙ্গেরও কোন জেলায় বৃষ্টি হবে না। সোমবার কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৭ ডিগ্রি সেলসিয়াস যা কিনা স্বাভাবিকের থেকে ১ ডিগ্রি বেশি। গত কাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.১ ডিগ্রি সেলসিয়াস।পশ্চিমাঞ্চলে পারদ এখনই ২০-র নিচে। আবহবিদরা বলছেন, উত্তর-পশ্চিম দিক থেকে শুকনো হাওয়া আসছে, তাই রাজ্য জুড়ে ঠান্ডা আমেজ থাকবে। নিম্নচাপ, ঘূর্ণাবর্তের জেরে মাঝের কয়েকদিন আবহাওয়ায় আমুল বদল এসেছিল। কার্তিকের একেবারে শুরু থেকেই প্রকৃতি হেমন্তের জানান দিলেও মাঝে বেশ কিছুটা পারদ চড়েছিল। স্বাভাবিকের থেকে অনেকটাই বেড়েছিল তাপমাত্রা। রোদের তাপে যথেষ্টই কষ্ট হচ্ছিল।

সিঙ্গুরে তৃণমূল কংগ্রেসের উদ্যোগে বিজয়া সম্মেলনী পালন ও মন্ত্রীর সাংবাদিক সম্মেলন

বনস্পতি দে, সিঙ্গুর, ৭ নভেম্বর ঃ সিঙ্গুর ব্লক তৃণমূল কংগ্রেসের

বিজয়া সম্মিলনী ও প্রবীণ কর্মীদের সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠান এবং দলীয় নির্দেশে ১০০ দিনের বকেয়া টাকা ও আবাস যোজনার টাকা দ্রুত দেবার দাবীতে এক সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী বেচারাম মান্না এবং হরিপালের বিধায়ক ডাঃ করবী মান্না সহ নেতৃত্ববন্দ। এদিন সন্ধ্যেবেলা ১০০ জন প্রবীণ সদস্যকে সম্বর্ধনা জানানো হয়। এই প্রসঙ্গে সিঙ্গুরের বিধায়ক তথা মন্ত্রী বেচারাম মান্না বলেন সিঙ্গুর ব্লক তৃণমূল কংগ্রেসের উদ্যোগে বিজয়া সম্মেলনী অনুষ্ঠান হচ্ছে আমরা ১০০ জন প্রবীণ মানুষকে সম্বর্ধনা জানালাম এছাড়া সাংবাদিক সম্মেলনও করছি কেন্দ্রীয় সরকার অনেকবার বলা সত্ত্বেও পশ্চিমবঙ্গের টাকা দিচ্ছে না ১০০ দিনের কাজের টাকা আবাস যোজনার টাকা এছাড়া আরো অনেক প্রকল্পের টাকা তারা কিছুতেই দিচ্ছে না। ২০২১ থেকে ২০২৩ বকেয়া টাকা অনেকবার বলা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার কিছুতেই টাকা দিচ্ছে না যার ফলে অনেক কাজ বন্ধ হয়ে আছে এবং রাজ্য সরকার অনেক কষ্ট করে প্রকল্পের টাকা মিটিয়ে দিচ্ছে সাধারণ মানুষকে এবং প্রকল্প করছে অনেক কষ্ট করে। আগামী সাধারণ নির্বাচনে সাধারণ মানুষ যাতে এই কেন্দ্রীয় সরকারকে পুনরায় না নিয়ে আসে সে কথাই আমরা বলব সাধারণ মানুষের উদ্দেশ্যে সাধারণ মানুষ এর জবাব দেবে। মোদি সরকারকে তর কখনই আবার দিল্লির মসনদে বসতে দেবেন না।

হাওড়ার বাঁকড়ায় অনলাইন গারমেন্টস ফ্যাক্টরিতে আগুন, অগ্নিকাণ্ডের ঘটনা যাত্রীবাহী বাসেও

দুরন্ত বার্তা, হাওড়া, ৭ নভেম্বর ঃ দীপাবলির আগে হাওড়ার বাঁকা।র একটি অনলাইন গারমেন্টস ফ্যাক্টরিতে ভয়াবহ আগুন। সোমবার গভীর রাতে আগুন লাগে বাঁকড়া

নয়াবাজ এলাকার ওই অনলাইন কারখানায়। খবর পেয়ে ঘটনাস্থলে রওনা হয় দমকলের দুটি ইঞ্জিন। তবে রাস্তা সরু হওয়ার ফলে দমকলের এসে পৌঁছাতে সমস্যা হয়। এলাকার মানুষ সহযোগিতায় ছুটে আসেন। প্রায় দু'ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। আগুনের তীব্রতায় পুরো কারখানা কার্যত ভস্মীভূত হয়ে যায়। মনে করা হচ্ছে শর্ট সার্কিট থেকেই আগুন লাগে। আগুনে কয়েক লক্ষ টাকার ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে। এই ঘটনা প্রসঙ্গে স্থানীয় বাসিন্দা শেখ মহম্মদ জানান, ২টো নাগাদ আমার দিদির বাড়ি থেকে আওয়াজ শুনে উঠে পড়ি। দেখি দাউদাউ করে আগুন জ্বলছে। প্রতিবেশীরা আগুন নেভানোর কাজে সহযোগিতা করে। শ্যালো পাইপ ফিট করে ছাদ থেকে জল দিয়ে আগুন নিয়ন্ত্রণে আনা হয়। এরা রেডিমেড গারমেন্টের অনলাইন ব্যবসা করত। কি করে আগুন লেগেছে তা জানা নেই। অনুমান শট সার্কিটের কারণে আগুন লেগেছে। অনুমান প্রায় ১০ লক্ষ টাকার জিনিসপত্রের ক্ষতি হয়েছে। ঘটনার আরেক প্রত্যক্ষদর্শী বলেন, আনুমানিক রাত প্রায় দেড়টা নাগাদ আগুন লাগে। খবর পাওয়ার পর দমকল এলেও তারা রাস্তা পায়নি। কারণ এই এলাকায় দমকলের ইঞ্জিন ঢুকতে সমস্যায় পড়ে। পরে বড় পাইপ এনে আগুন নিয়ন্ত্রণে আনে তারা। আগুন নিয়ন্ত্রণে আনতে গ্রামবাসীরা নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে আগুনের সঙ্গে লড়াই করেছে।

সাংবাদিকদের মুখোমুখি কুলতলির বিধায়ক গনেশ চন্দ্র মন্ডল

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, কুলতলি, ৭ নভেম্বর ঃ কেন্দ্রীয় সরকারের বঞ্চনা, ১০০ দিনের বকেয়া টাকা আদায় সহ একাধিক বিষয়কে সামনে রেখে মঙ্গলবার সাংবাদিকদের মুখোমুখি হলেন কুলতলির বিধায়ক গনেশ চন্দ্র মন্ডল। এদিন কুলতলির কুন্দখালীতে বিধায়ক গনেশ চন্দ্র মন্ডলের দলীয়. কার্য্যালয়. এই সাংবাদিক বৈঠক অনুষ্ঠিত হয়।রাজ্যের একাধিক প্রকল্পের টাকা কেন্দ্রের আটকে রাখার অভিযোগ তুলে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে ইতিমধ্যেই তৃনমুল কংগ্রেস আন্দোলনে নেমেছে দলের সর্বভারতীয়. সাধারণ সম্পাদক অভিষেক বন্দোপাধ্যায়ের নেতৃত্বে।আর তারই অঙ্গ হিসেবে ১০০দিনের বকেয়া টাকা আবাস যোজনার ঘরের বকেয়া টাকা আদায়ের দাবি জানিয়ে এদিন সাংবাদিকদের মুখোমুখি হন কুলতলির বিধায়ক।এদিন এই বৈঠকে বিধায়ক গনেশ চন্দ্র মন্ডল সহ কুলতলি বিধানসভার সমস্ত অঞ্চলের প্রধান, উপপ্রধান, তৃনমুল কংগ্রেসের যুব সভাপতি, ব্লক সভাপতি, জেলাপরিষদের সদস্য, সদস্যারা সহ বহু তৃনমূল কংগ্রেসের কর্মীরা উপস্থিত ছিলেন। এদিন বিধায়ক কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তৃনমুল কংগ্রেসের অবস্থান কি হবে তা তুলে ধরলেন।

নিয়োগ দুর্নীতি

কুন্তল ঘোষের রাজারহাটের ফ্ল্যাটে হানা দিল ইডি

দুরন্ত বার্তা, কলকাতা, ৭ নভেম্বর ঃ নিয়োগ দুর্নীতি মামলায় গ্রেফতার হওয়া যুব তৃণমূল কংগ্রেসের হুগলি জেলার প্রাক্তন সভাপতি কুন্তল ঘোষের ফ্ল্যাটে মঙ্গলবার হানা দিল ইডি। মালিকানা সংক্রান্ত তথ্য খতিয়ে দেখতেই ইডি আধিকারিকরা এদিন ওই ফ্ল্যাটে যান বলে অভিযোগ। নিয়োগ দুর্নীতি মামলায় ইতিমধ্যেই তিনি ইডির হাতে গ্রেফতার হয়েছে। সিসি সেন্টার ২-এর উল্টোদিকে



একটি অভিজাত আবাসনে কুন্তল ঘোষের ফ্ল্যাটে ইডি। এই ফ্ল্যাট থেকেই নিয়োগ দুর্নীতি মামলায় গ্রেফতার করে হয় কুন্তল ঘোষকে। আবাসন কর্তৃপক্ষর দাবি, কুন্তল ঘোষ ফ্ল্যাট ভাড়া নিয়ে থাকতেন। গ্রেফতারির পর ফ্ল্যাটের মালিক এখন নিজেই থাকেন। ইডি সূত্রে জানতে পারা গিয়েছে, এই ফ্ল্যাট হস্তান্তর করা হয়েছে বলেই জানতে পেরেছেন ইডি তদন্তকারীরা। বর্তমানে ফ্ল্যাটে যিনি আছেন তিনি কি আসল মালিক? কবে কিনেছিলেন এই ফ্ল্যাট? কার কাছ থেকে কিনেছিলেন এবং কত টাকার বিনিময়ে? কোনও ভাবে কুন্তল ঘোষের বেনামি সম্পত্তি সুকৌশলে বিক্রি করা হয়েছে! যাবতীয় বিষয় খতিয়ে দেখতে চান তদন্তকারীরা।

ভারত সরকার
অর্থ মন্ত্রণালয়, আর্থিক পরিষেবা বিভাগ
মুম্বাই ঋণ পুনরুদ্ধার ট্রাইব্যুনাল নং. ১
২য় তলা, এমটিএনএল বিল্ডিং, এমটিএনএল লেন, কোলাবা, মুম্বাই- ৪০০ ০০৫
পুনরুদ্ধার প্রক্রিয়া নং. ২০২২ সালের ১৩৩

ইএক্সএইচ নং ০৩
পরবর্তী তারিখ ২৯.১১.২০২৩

ইউকো ব্যাংক — **শংসাপত্র ধারক**
বনাম ...
কর্পোরেট ইসপাতঅ্যালয়স লিমিটেড ORS... — **শংসাপত্র দেনাদার**

ডিমান্ড নোটিশ

প্রতি,
১. **কর্পোরেট ইসপাতঅ্যালয়স লিমিটেড,** প্রতিনিধিত্ব করে (OL হাইকোর্ট কলকাতা) ৯, পুরাতন পোস্ট ওপিস স্ট্রিট, কলকাতা।
২. **মি. মনোজ বাসন্তীলাল জয়সওয়াল,** তার ঠিকানা ২৪৬, উষা সদন, পন্ডিত রবিশঙ্কর মার্গ, সিভিল লাইনস, নাগপুর-৪৪০ ০০১, মহারাষ্ট্র
৩. **মি. অভিষেক জয়সওয়াল,** তার ঠিকানা ২৪৬, ঊষা সদন, পন্ডিত রবি শঙ্কর মার্গ, সিভিল লাইনস, নাগপুর-৪৪০ ০০১, মহারাষ্ট্র।
৪. **মি. অভিজিৎ জয়সওয়াল,** তার ঠিকানা ২৪৬, উষা সদন, পন্ডিত রবিশঙ্কর মার্গ, -সিভিল লাইনস, নাগপুর-৪৪০ ০০১, মহারাষ্ট্র।
৫. **অভিজিৎ ভেঞ্চারস লিমিটেড,** ঠিকানা- ৬ তলা, ল্যান্ডমার্ক বিল্ডিং, ওয়ার্ধা রোড, নাগপুর -৪৪০ ০১০, মহারাষ্ট্র।
ও,এ তে জারি করা রিকভারি সার্টিফিকেটের পরিপ্রেক্ষিতে প্রিসাইডিং অফিসার ডিআরটি আই মুম্বাই কর্তৃক ২০১৭-এর ৩৪৬ পাস হয়েছে যার পরিমাণ টাকা ৬০০, ৪৪, ১৮,৬০৪.৩৮- (টাকা ছশ কোটি চুয়াল্লিশ লক্ষ আঠারো হাজার ছয়শ চার এবং ত্রিশ আট পয়সা মাত্র) ত্রৈমাসিক বাকি সহ আবেদন জমা দেওয়ার তারিখ থেকে উল্লিখিত অর্থ আদায় পর্যন্ত আপনার বিরুদ্ধে বকেয়া আছে।
আপনাকে এতদ্বারা নোটিশ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উপরে উল্লিখিত অর্থ জমা দেওয়ার জন্য বলা হচ্ছে, যা ব্যর্থ হলে নিয়ম অনুযায়ী পুনরুদ্ধার করা হবে।
উপরে উল্লিখিত যোগফলের সাথে আপনি অর্থ প্রদানের জন্য দায়ী থাকবেন।
ক) কার্যকরী কার্যক্রমের এই নোটিশের পরপরই শুরু হওয়া সময়ের জন্য প্রদেয় সুদ।
খ) এই নোটিশের পরিষেবা এবং বকেয়া পরিমাণ পুনরুদ্ধারের জন্য নেওয়া যেতে পারে এমন অন্যান্য প্রক্রিয়ার ক্ষেত্রে যে সমস্ত খরচ, চার্জ এবং খরচা।
এই ০২ তারিখে মুম্বাইতে এই ট্রাইব্যুনালের আমার হাতে এবং সিলমোহরে দেওয়া হয়েছে।

স্থান- মুম্বাই
তারিখ-২১১২০২৩
Seal
এসডি -(অজিত ত্রিপাঠী)'
পুনরুদ্ধার কর্মকর্তা
ডিআরটি-আই, মুম্বাই

ডানকুনিতে খোরপোষের মামলা না তোলায় স্ত্রীকে লক্ষ্য করে অ্যাসিড ছোড়ার অভিযোগ স্বামীর বিরুদ্ধে

বনস্পতি দে, ডানকুনি, ৭ নভেম্বর ঃ খোরপোষের মামলা তোলার জন্য চাপ। কিন্তু মামলা না তোলায় স্ত্রীকে লক্ষ্য করে অ্যাসিড ছোড়ার অভিযোগ স্বামীর বিরুদ্ধে। গ্রেফতার স্বামী। চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে ডানকুনি পুরসভার ১৬নং ওয়ার্ডের। আক্রান্ত দেবপ্রিয়া রায়ের অভিযোগ, ২০২১ সালে স্বামী অমিত গঙ্গোপাধ্যায় বিবাহ বিচ্ছেদের মামলা করেন। তারপর তিনিও খোরপোষের মামলা করেন। সেই মামলা তোলার জন্য বরাবর চাপ দিতে থাকেন অমিত। গত ৫ নভেম্বর রাতে দেবপ্রিয়ার ফ্লাটে গিয়ে অমিত তাকে অ্যাসিড ছোড়েন বলে অভিযোগ। ঘটনায় জখম দেবপ্রিয়া পরের দিন সকালে চণ্ডীতলা হাসপাতালে চিকিৎসা করিয়ে ডানকুনি থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগের ভিত্তিতে অমিতমকে গ্রেফতার করে ডানকুনি থানার পুলিশ। দেবপ্রিয়া জানিয়েছেন, বারো বছর আগে অমিতের সঙ্গে বিয়ে হয় তাঁর। বিয়ের পর থেকেই নানা ভাবে তাঁর ওপর অত্যাচার করতেন অমিত।এমনকি বাপের বা।ি থেকে টাকা আনার জন্যও চাপ দিতে থাকেন বলে অভিযোগ। ২০২০ সালে অমিত দেবপ্রিয়া ও তাঁর কন্যা সন্তানকে মারধর করে বের করে দেন বলে অভিযোগ। ২০২১ সালে বিবাহ বিচ্ছেদের মামলা করেন অমিত। পাল্টা খোরপোষ চেয়ে মামলা করেন দেবপ্রিয়া। আদালত মাসিক ১৮ হাজার টাকা করে দেওয়ার নির্দেশ দেয় অমিতকে। দেবপ্রিয়ার অভিযোগ, আদালতের রায়ের পর থেকেই খরপোষের মামলা তোলার জন্য পাল্টা চাপ দিতে থাকেন অমিত। গত ৫ নভেম্বর রাতে দেবপ্রিয়ার ফ্ল্যাটে যান অমিত। সেখানেও তাঁর ওপর চাপ সৃষ্টি করতে থাকেন বলে অভিযোগ। কিন্তু তৎক্ষণা সরে গিয়ে কিছুটা হলেও রক্ষা পান দেবপ্রিয়া। তবে শরীর বেশ কিছু জায়গায় অ্যাসিড লাগার ফলে কিছুটা আহত হন দেবপ্রিয়া।

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The **Director General (Market), KMC** invites tender online percentage item two bid system for the following work:
NIT No. : KMC/MKT/HOGG/13/2023-24 (1st call)
Name of work : **Repairing of passage, collapsible gate and PIT cover at S.S. Hogg Market**. Estimated Cost (Including GST+CESS) : **Rs. 2,89,366.00**. Earnest Money: **Rs. 5,800.00**. Period of Completion: **45 Days**. Last date and time of submission of bid: **25.11.2023** at **5 p.m**. Date and time of opening of bid: **28.11.2023** at **12.30 p.m.** The bid forms and other details are available on and from **10.11.2023** at **5 p.m.** from the website : **https://wbtenders.gov.in**

The **Director General (E&H), KMC** invites tender online percentage rate two bid system for the following work:
NIT No. : KMC/EH/III/14/01/2023-24
Name of work : **Cleaning of waterbodies situated near 38/H/4 Manicktala Main Road and near Sir Gurudas College at KMC Ward-14 under Borough-III**. Estimated Amount: **Rs. 1,81,095.00**. Earnest Money: **Rs. 4,000.00**. Period of Completion: **30 Days**. Last date and time of submission of bid: **21.11.2023** at **12.30 p.m**. The bid forms and other details are available on and from **11.11.2023** at **4 p.m.** from the website : **https://etender.wb.nic.in**

The **Director General (S&D), KMC** invites tender online percentage rate in two bid system for following work:
NIT No. : GRBU/BI-19/23-24
Name of work : **Periodic cleaning the sump chamber and screen chamber at New Santoshpur DPS/GRBU**. Estimated Cost: **Rs. 3,55,164.00.** Earnest Money: **Rs. 7,200.00**. Period of Completion: **183 Days**. Last date and time of submission of bid: **21.11.2023** at **1 p.m**. The bid forms and other details are available on and from **11.11.2023** at **5 p.m.** from the website : **https://etender.wb.nic.in**

The **Executive Engineer, Water Supply (West), KMC** invites e-Tender for the following work:
NIT No. : KMC/WS/W78-10/T-25R1/23-24
Name of work : **Maint. of F.W. supply to avoid the contamination surrounding the bustee area at 21/1/1C Mominpur Road (near Jiban Majhi Majhar) in Ward-78**. Estimated Amount: **Rs. 1,97,373.00.** Earnest Money: **Rs. 4,000.00**. Period of Completion: **15 Days**. Last date of receipt/opening of Tender (online): **28.11.2023** at **11 a.m**. / **30.11.2023** at **11 a.m**. The bid forms and other details are available from the website : **https://wbtenders.gov.in**

The **Director General (Mech)/Roads, KMC** invites tender online percentage rate two bid system for following work:
NIT No. : KMC/RRD/SJ.M-01/23-24 (1st call)
Name of work : **Washing and brooming of EE Office, Establishment Office and other places inside the premises of Road Roller Office under Road Roller Department**. Estimated Amount (Incl. GST & CESS): **Rs. 4,49,853.43**. Earnest Money: **Rs. 9,000.00**. Period of Completion: **365 Days**. Last date and time of submission of bid: **25.11.2023** at **11 a.m**. The bid forms and other details are available on and from **10.11.2023** after **5 p.m.** from the website : **https://wbtenders.gov.in**

The **Dy. C. E. (Mech)/Roads, KMC** invites tender online item wise rate in two bid system for the following work:
NIT No. : KMC/RRD/PR-3/2023-24
Name of work : **Repairing, overhauling & maintenance of Engine, Gear, Coupling, Clutch, Body etc. of Roller No. OB-68 (Jessop Make, 8-10 ton capacity) at Road Roller Department**. Estimated Cost: **Quotation**. Earnest Money: **Rs. 6,000.00**. Period of Completion: **10 Days**. Last date and time of submission of bid: **28.11.2023** at **1 p.m**. Bid opening date for technical proposal (online): **30.11.2023** at **1 p.m**. The bid forms and other details are available on and from **08.11.2023** at **6 p.m.** from the website : **https://etender.wb.nic.in**

The **Executive Engineer, (Water Supply), Br-XVI, KMC** invited e-Tender for the following work:
NIT No. : KMC/WS/JOKA/34/2023-24
Name of work : **Development of work by replacement of old, damaged 100 MM dia C.I.F/W service main at Prasanta Roy Road from Pr.No. 3, Pr.No. 1/1 to Pr.No. 150 Kailash Ghosh Road in Ward No.-123**. Estimated Cost of the Work: **Rs. 3,18,944.17**. Earnest Money: **Rs. 6,500.00**. Period of Completion: **20 Days**. Time and last date of receipt/opening of all tender (online): **28.11.2023** up to **5 p.m**. & **01.12.2023** at **1 p.m**. The bid forms and other details are available for all the tenders on and from **17.11.2023** at **11 a.m.** from the website : **https://wbtenders.gov.in**

The **Executive Engineer (Water Supply), S.S. Unit, KMC** invites e-tender online system for following work:
NIT No. : KMC/WS/EE/SSU/W-121/2/23-24
Name of work : **Laying of 150MM dia. D.I. pipe along Raja Ram Mohan Roy Road from H/No. 21/A to 2 in Ward No.-121, Br-XIV**. Estimated Amount: **Rs. 3,30,544.07**. Earnest Money: **Rs. 6,620.00**. Period of Completion: **30 Days**. Last date and time of submission of bid: **25.11.2023** up to **1 p.m**. The bid forms and other details are available on **11.11.2023** shortly from the website : **https://etender.wb.nic.in**

The **CME (SWM), KMC** invites tender online percentage rate two bid system for the following works:
1. NIT No. : KMC/SWM-I/DDG/WB/02/23-24
Name of work : **Repairing of weigh bridge numbered-3, 60 MT weighing capacity at Dhapa Check Post**. Estimate Amount: **Rs. 4,87,474.00**. Earnest Money: **Rs. 10,000.00**. Completion Time: **10 Days**.
2. NIT No. : KMC/SWM-I/CSM/SH/03/23-24
Name of work : **Shutter repairing works of compactor stations at Borough II & III under SWM-I Department**. Estimate Amount: **Rs. 2,83,690.00**. Earnest Money: **Rs. 6,000.00**. Completion Time: **45 Days**. Price of tender : NIL (for sl. no. 1 & 2). Bid submission start (online) date: **11.11.2023** at **1 p.m.** (for sl. no. 1 & 2). Last date and time of bid submission (online): **21.11.2023** at **1 p.m.** (for sl. no. 1 & 2).
3. NIT No. : SWM-I/C-V/SKP/117/2023-2024
Name of work : **Construction of shed for B.O.H.D. at K.P.S. Road in Ward No.-6, under Br-I**. Estimated Amount (Including GST & CESS, excluding contingency): **Rs. 2,90,199.00**. Earnest Money: **Rs. 6,000.00**. Time of Completion: **18 Days**.
4. NIT No. : SWM-I/C-V/SKP/105/2022-2023
Name of work : **Construction of shed for B.O.H.D. at 1/B Gopal Chatterjee Road, in Ward No.-1, under Br-I**. Estimated Amount (Including GST & CESS, excluding contingency): **Rs. 2,89,610.00**. Earnest Money: **Rs. 6,000.00**. Time of Completion: **22 Days**.
5. NIT No. : SWM-I/C-V/SKP/106/2022-2023
Name of work : **Construction of shed for B.O.H.D. at 78/4, Bag Bazar Street, in Ward No.-07, under Br-I**. Estimated Amount (Including GST & CESS, excluding contingency): **Rs. 2,89,636.00**. Earnest Money: **Rs. 6,000.00**. Time of Completion: **20 Days**. Bid submission start (online) date: **11.11.2023** at **2.30 p.m.** (for sl. no. 3 to 5). Bid submission closing (online) date: **24.11.2023** at **2 p.m.** (for sl. no. 3 to 5). Bid opening for technical proposal (online) date: **28.11.2023** at **2 p.m.** (for sl. no. 3 to 5). The bid forms and other details are available on and from **10.11.2023** at **1 p.m.** (for sl. no. 1 & 2) and **10.11.2023** at **6 p.m.** (for sl. no. 3 to 5). The website : **https://wbtenders.gov.in** (for sl. no. 1 to 5) and **www.kmcgov.in** (for sl. no. 3 to 5).
926/23-24

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৮ বর্ষ, দৈনিক ৩৩৬ সংখ্যা, বুধবার, ২১ কার্ত্তিক ১৪৩০

ইজরায়েল যুদ্ধ থামবে না!

সম্পাদকীয় ১

ইজরালের লক্ষ্য হচ্ছে উত্তর গাজা দখল করে নেওয়া। এবং সেটাই ইজরায়েল করে ছাড়বে। ইজরায়েলের প্রধানমন্ত্রীর একার এখন যুদ্ধ বন্ধ করে দেওয়ার কোনও অধিকার নেই। তাঁকে যুদ্ধ বন্ধ করতে গেলে সবার অনুমতি গ্রহণ করতে হবে। কারণ ইজরায়লেরে দিকে তাক করে যেভাবে হামাস ক্ষেপনাস্ত্র ছুঁড়েছে এবং নিরীহ ইজরায়েলিদের প্রথম দিকে নিহত করেছে এবং পণ বন্দি করে রেখেছে। তার বিরুদ্ধে জোরালো পদক্ষেপ গ্রহণ করতে শুরু করেছে ইজরায়েল। ইজরায়েলের যুদ্ধ থামানো নিয়ে কোনও কথা বলতে পারছেন না ভারতের প্রধানমন্ত্রী মোদি। তিনি ইজরায়েলের প্রধানমন্ত্রীকে যুদ্ধ থামতে অনুরোধ করলেও তা কিন্তু নেতানিয়াহু তা করবেন না। এটা পরিস্কার হয়ে গিয়েছে। ভারতের প্রধানমন্ত্রী মোদি পুতিনকে বলেছিলেন এটা যুদ্ধের সময় নয়। তাঁর কথা কিন্তু পুতিন শোনেননি। তিনি ইউক্রেনে হামলা অব্যাহত রেখেছিলেন। একন রশ ইউক্রেন যুদ্ধ চলছে। থেমে থাকেনি। এদিকে ইজরায়েল রাষ্ট্রপুঞ্জের কোনও নেতার কথা শুনছে না। ইজরায়েল পরিস্কার বলে দিয়েছে উত্তর গাজা তাদের অধিকারে থাকবে। হামাসের উচিত ছিল ইজরায়েলের সঙ্গে আলোচনার মধ্যে দিয়ে সমস্যার সমাধান করতে। কিন্তু তারা তা না করে অস্ত্র ধরে ইজরায়েলকে জবাব দিতে গিয়েছিল। এখন উল্টে হামাস জবাব পেতে শুরু করেছে। একজন ইজরায়েলি বলেছেন, আচ্ছা মনে করুন হামাস ইজরায়েল দখল করে নিয়েছে এবং ইহুদিদের ধরে ধরে হত্যা করতে শুরু করেছে। তাহলে কি সারা বিশ্ব আজকে যারা প্যালেস্টাইন নিয়ে কাঁদতে শুরু করে দিয়েছে তারা তখন কি ঠিক একইভাবে ইজরায়েলের জন্য কাঁদবে। বিশ্বের অধিকাংশ রাষ্ট্র ইজরায়েলের শক্তি বৃদ্ধিতে আতঙ্ক প্রকাশ করতে শুরু করেছে। তারা বলতে শুরু করেছে যে রুশ এবং আমেরিকার চেয়ে শক্তি ধরে ইজরায়েল। শক্তি ধরতেই হবে। নাহলে ইজরায়েল বলে কোনও দেশ থাকবে না। এবারে ইজরায়েল এমন সব অস্ত্র ব্যবহার করতে শুরু করেছে যেসব অস্ত্র এর আগে কোনওদিন ব্যবহার করেনি। তার একটি মাত্র কারণ হচ্ছে হামাসের ট্যানেল নির্মাণ করা। তারা ট্যানেলগুলি তৈরি করেছিল ইজরায়েলকে একেবারে ধ্বংস করে দেওয়ার উদ্দেশ্য নিয়ে। এবারে ইজরায়েলের প্রথম কাজ হচ্ছে এই সব ট্যানেলগুলিকে অধিকার করে সেখানে তাদের সেনাদের নিয়োগ করা। এখন ট্যানেলগুলিতে হামাসের বাহিনীরা থাকতে পারছে না। সেখানে বিষাক্ত গ্যাস ঢুকিয়ে দেওয়া হচ্ছে। যার ফলে হাসামাসের সব সেনারা সেই গ্যাসে মারা পড়তে শুরু করেছে। এবারে হামাসের জঙ্গিরা হাসপাতালকে ঢাল করতে শুরু করে দিয়েছে। ইজরায়েল নেট ওয়ার্ক থেকে বেছে বেছে হাসপাতালগুলি ওপরে আক্রমণ করছে সেখানে হামাসের জঙ্গিরা আত্মগোপন করে আছে। সাধারণ মানুষ হামাসের ভয়ে তাদের বিরুদ্ধে কোনও কথা বলতে পারছে না। হামাসদের জঙ্গি হানাকে ধর্মের ওপরে আঘাত বলে প্রচার করতে চেয়ে পশ্চিম এশিয়ার দেশগুলি তাতে তারা পরাস্ত। তারা এটাকে ধর্ম যুদ্ধ বলে আখ্যা দিতে পারছে না। তার একটি মাত্র কারণ হচ্ছে হামাস আগেই ইজরায়েলের ওপরে চার হাজার ক্ষেপনাস্ত্র ছুঁড়েছে। ইজরায়েলকে আঘাত দিতে চেষ্টা করেছিল। এবারে পাল্টা আঘাত পেতে শুরু করেছে। তার ফলেই হামাস দরদি দেশগুলি প্যালেসটাইনের পক্ষ নিয়ে কথা বলছে। প্যালেস্টাইন কী হামাসের জঙ্গি হানার কোনও বিরাধিতা করেছে।

ক্যানসার নিয়ে সচেতনতা দিবস

সম্পাদকীয় ২

গত ত্রিশ চল্লিশ বছর ধরে বিশ্বে ক্যান্সার রোগের সংখ্যা বৃদ্ধি লাভ করতে শুরু করে দিয়েছে। ভারত তার থেকে বাদ পড়ছে না। ভারতেও ক্যান্সার লোগের সংখ্যা ক্রমশ বৃদ্ধি লাভ করতে শুরু করেছে। ভারতের চিকিৎসা বিজ্ঞান বিষয়ক প্রাচীন গ্রন্থ 'চরকসংহিতা'কেও ক্যান্সার সম্পর্কে তথ্য পাওয়া যায়। ভারতের অসামান্য শল্য চিকিৎসক ছিলেন তাঁর নাম সুশ্রুত। 'সুশ্রুত-সংহিতা' পুস্তকেও রয়েছে ক্যান্সার টিউমারের উল্লেখ। তিনি শুধু উল্লেখই করেনি টিউমারের চিকিৎসার ওষুধের নাম উল্লেখ করেছেন। সবচেয়ে প্রাচীনতম ক্যান্সারের নিদর্শন মেলে মিশরে। এডুইন স্মিথ প্যাপিরাসে আমরা দেখতে পাই তিনটি স্তন টিউমারের উল্লেখ রয়েছে। সেগুলিকে পরে শরীর থেকে স্তনকে বাদ করে দেওয়া হয়েছে। এই সব তথ্য আনুমানিক তিন হাজার খ্রিষ্টপূর্বের ঘটনা। ক্যান্সার শব্দটি এসেছে গ্রীক শব্দ 'কারকিনোস'। যার অর্থ হল টিউমার। চিকিৎসা বিজ্ঞানের জনক হিপোক্রেটিস এই শব্দটি ব্যবহার করেছিলেন। পাঁচটি পদ্ধতির সাহায্য নিয়ে ক্যান্সার চিকিৎসা করা হয়। এর মধ্যে রয়েছে-কেমোথেরাপি, রেডিওথেরাপি, হরমোনথেরাপি এবং ইমিউনোথেরাপি। এর ফলে ক্যান্সারের হাত থেকে মানুষ রক্ষা পেতে শুরু করেছে। ক্যান্সারের ওষুধ শরীরে প্রবেশ করা মাত্র ক্যান্সার কোষগুলিকে ধ্বংস করতে থাকবে। এই সব কিন্তু আধুনিক চিকিৎসা বিজ্ঞান বলা যেতে পারে। যে কোন রোগের হাত থেকে মুক্তি পাওয়ার উপায় হল রোগ তাড়ানো এবং রোগ সারানো। ট্রিটমেন্ট অব ডিজিস এবং প্রিভেনস অব ডিজিস। ক্যান্সার রোগের মৃত্যুর হার থেকে হৃদরোগে মৃত্যুর হার বেশি। এখন দেখতে হবে কী কী কারণে ক্যান্সার রোগ সৃষ্টি হচ্ছে। প্রথম, তামাকজাত পদার্থের ব্যবহার। আমরা তামাকজাত দ্রব্য ব্যবহার করে থাকে। সিগারেট, বিড়ি, চুরুট, দোক্তা, খৈনি, পানমশলা, গুটকা, নস্যি, জর্দা ইত্যাদি। যারা পাইপে করে ধূমপান করেন তাদের ঠোঁটে ক্যান্সার হয়। অন্ধ্রপ্রদেশে গ্রামাঞ্চলে চুরুটের জ্বলন্ত দিকটা মুখের ভিত রেখে নেশা করে। এটাকে বলা হয় ছুট্টা। এই রকম ধূমপায়ীদের টাগরায় ক্যান্সার হয়ে থাকে। ভারত পাকিস্তান এবং বাংলাদেশে যারা পান খান তাদের মুখের ভিতর ক্যান্সার দেখা দেওয়া সম্ভব।

ঠাকুর রামকৃষ্ণ কথামৃত

তারাপীঠের মা কালী হচ্ছেন শক্তিদাত্রী। তারাপীঠের মায়ের পুজো করতে হবে। আরাধনা করতে হবে। নারী শক্তির জাগরণ চাই। নারী শক্তিকে কোনও সময়ে অবদামিত করে রাখা যায় না। মায়ের প্রতি ভক্তি অবিচল হতে হবে। মায়ের আরাধনা করতে হবে। জাগাতে হবে মনের ভক্তিকে। মনের শক্তিকে। মনের শক্তি এবং ভক্তি জাগরিত হলে আর কোনও অপশক্তি আপনাকে পরাস্ত করতে পারবে না। সব অপশক্তি পরাস্ত হবে। লেখাপড়া সম্পদ সৃষ্টি করার প্রথম ধাপ। শিক্ষা গ্রহণ করে নিজেকে শক্ত খুঁটি ওপরে দাঁড় করানোর কথা ব্যক্ত করেছেন। তন্ত্র সাধক বামাক্ষ্যাপা বললেন, নারী শিক্ষাকে প্রাধান্য দিতে হবে।

কলকাতার এক-একটি উদ্যান স্বদেশী আন্দোলনের জ্বলন্ত অগ্নিপিণ্ড

রবীন্দ্র কুমার শীল

(পূর্ব প্রকাশের পর)

ভারতের বিপ্লবী আন্দোলনের পাশাপাশি গান্ধিজির অহিংসা আন্দোলন থেকে শুরু করে আইন অমান্য এবং বিলেতি পণ্য বর্জন আন্দোলন শুরু হয়ে গেল। যদিও বিলিতি পণ্য বর্জনের আন্দোলন বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন থেকেই শুরু হয়ে যায়। স্বদেশি মেলা বসেছিল। সেখানে স্বদেশি পণ্য কেনার জন্য দেশবাসীকে আহ্বান করা হয়। দেশবাসী স্বদেশি পণ্য ক্রয় করতে শুরু করে। কংগ্রেস দলের সদস্যরা খাদি কাপড় পরতে শুরু করে দিয়েছিল। হস্তশিল্প এবং কুটির শিল্পের ওপরে জোর দিতে শুরু করে দিয়েছিল বাংলা তথা ভারতের স্বাধীনতা সংগ্রামীদের নেতা নেত্রীরা। গান্ধিজি ভারতের ভাইসরয় লর্ড আরইউনের সঙ্গে দেখা করে স্বায়ত্তশাসন পাওয়ার আদেন করলে তা না মঞ্জুর হয়ে যায়। তার ফলে গান্ধিজি সিদ্ধান্ত গ্রহণ করলেন তিনি 'আইন অমান্য' করবেন। ১৯৩০ সালে ২ ফেব্রুয়ারি তারিখে গান্ধিজি এন্ড্রুজকে একটি চিঠি লেখেন সেখানে তিনি পরিস্কার করে বলে দিয়েছিলেন, 'কর্মপদ্ধতি এখনও আমার নিজের কাছেই পরিস্কার নয়। এটা আইন অমান্য হবে। কিন্তু কীভাবে শুরু করা হবে তা আমি নিজেই পরিস্কারভাবে বুঝতে পারছি না।' গান্ধিজি ১৯৩০ সালে ২৬ ফেব্রুয়ারি 'আইন অমান্য' করতে শুরু করলেন। এই দিনটিকে আবার 'স্বাধীনতা দিবস' বলে ঘোষিত করা হয়। গান্ধিজি এতে শঙ্কিত হয়েছিলেন। 'স্বাধীনতা দিবস' পালন করতে যদি হিংসার কোনও লক্ষন দেখতে পাওয়া যায় তাহলে আইন অমান্য আন্দোলনটা একেবারে নষ্ট হয়ে যাবে। সেই কারণে তিনি আন্দোলনে অংশগ্রহণকারীদের সংযত হতে নির্দেশ দিলেন। তিনি বললেন, ''there sould be no processions and no speeches while observing the 'Independence Day''। এদিকে বাংলার কবিরা হাত গুটিয়ে বসে থাকলো না। তাঁরা স্বদেশি কবিতা এবং সঙ্গীত রচনা করতে শুরু করে দিলেন। তাঁদের. স্বদেশি কবিতা এবং গানগুলিকে সুর দিয়ে জনসভায় গাইতে শুরু করে দিল গায়েকেরা। কবি রজনীকান্ত সেন লিখলেন, ''মায়ের দেওয়া মোটা কাপড় মাথায় তুলে নেবে ভাই।'' এই গান স্বদেশি জনসভা থেকে শুরু করে স্বদেশি মিছিলে শুনতে পাওয়া গেল। সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় 'বন্দেমাতরম' সঙ্গীতে সুর দিয়ে গান গাইলেন রবীন্দ্রনাথ ঠাকুর এবং সরলা দেবী চৌধুরানী। 'বন্দেমাতরম' সঙ্গীত তখন কংগ্রেস অধিবেশনের জাতীয় সঙ্গীত হিসাবে স্বীকৃতি লাভ করলো। বিপ্লবী অরবিন্দ 'বন্দেমাতরম'কে স্লোগান হিসাবে ব্যবহার করলেন। 'যুগান্তর' (১৯০৬) এবং অনুশীলন সমিতি'র (১৯০২) বিপ্লবীদের কাছে এটা মন্ত্র বলে স্বীকৃতি লাভ করলো। বাংলা তথা ভারতের সর্বত্র বিভিন্ন সভা এবং মিছিলে 'বন্দেমাতরম' পরিবেশন করা হতো। কবি দ্বিজেন্দ্রলাল রায় গান রচনা করতে শুরু করে দিলেন। তিনি আবার নাটক রচনা করে বাংলার বিপ্লবী বা স্বদেশি আন্দোলনকে উজ্জীবিত করতে শুরু করলেন। তাঁর রচিত সঙ্গীত 'ধনধান্যে পুষ্পে ভরা আমাদেরই বসুন্ধরা' খ্যাতি লাভ করতে শুরু করে দিল। সারা ভারত জুড়ে এই গান স্বদেশি আঃেদালনকারীদের উজ্জীবিত করতে থাকে। সেই সময়ে কলকাতার উদ্যানগুলি যেসব স্বদেশি সভা বা জনসভা হতো সেখানে দ্বিজেন্দ্রগীতি গাওয়া হতো। এলাহাবাদে ছিলেন অতুল প্রসাদ সেন। তিনি চুপ করে বসেছিলেন না। তিনি লিখে ফেললেন বেশ কয়েকটি স্বদেশি গান যা সারা বাংলা তথা ভারতের স্বাধীনতা সংগ্রামীদের মনে লড়াই করা শক্তি নিয়ে এসেছিল। তিনি সুর দিয়ে গান তৈরি করলেন-'বল বল সবে শত বীণা বেণু বিনা রবে ভারত আবার জগৎ সভায় শ্রেষ্ঠ আসন লবে'। বাংলার কবি থেকে শুরু করে গায়কেরা স্বদেশি আন্দোলনকারীদের মানসিক বল দেওয়ার জন্য বিভিন্ন পর্যায়ে স্বদেশি গান লিখতে শুরু করে দিলেন। তার ফলে বাংলার স্বদেশি গানের সঙ্গে স্বদেশি আন্দোলন মিশ্রিত হয়ে ভয়ঙ্কর ব্রিটিশ বিরোধী পরিবেশ তৈরি হল। কবি নজরুলের 'বিদ্রোহী' (১৯২১) কবিতা তখন বাংলার ঘরে ঘরে উচ্চারিত হতে শুরু করে। স্বদেশি মিছিলে অংশ গ্রহণকারী কবি নজরুলের 'বিদ্রোহী' কবিতা পাঠ করতে করতে পদযাত্রা করতে শুরু করে ওয়েলিংটন স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত। আবার কোনও কোনও সময়ে কলকাতার শ্রদ্ধানন্দ পার্কে স্বদেশি জমায়েতেও নজরুলের 'বিদ্রোহী' কবিতা পাঠ গাওয়া হতো। স্বদেশি গানে ভেসে গিয়েছিল গোটা দেশ। কবিরা তখন একের পর এক স্বদেশি গান কবিতা রচনা করতে শুরু করে দিয়েছিল। সেই সব গান এবং কবিতা তখন বাংলার বিভিন্ন পত্রপত্রিকাতে প্রকাশ লাভ করতে শুরু করে। ইংরেজ সরকার ভীত হয়ে পড়ল। তারা তখন বাংলার সংবাদপত্র প্রকাশ করার ব্যাপারে নিষেধাজ্ঞা জারি করতে শুরু করে। যদি এর আগে 'যুগান্তর' এবং 'বন্দেমাতরম' পত্রিকা বন্ধ করতে কলকাতার ম্যাজিস্ট্রেট কিংসফোর্ড উদ্যোগী হয়েছিলেন। 'বন্দেতমাতরম' পত্রিকার মুদ্রককে একবছর জেল এবং জরিমানা দিয়েছিলেন ম্যাজিস্ট্রেট। তার ফলে কিংসফোর্ডকে পৃথিবী থেকে সরিয়ে দিতে শহিদ ক্ষুদিরাম এবং প্রফুল্ল চাকি মজফফরপুরে গিয়ে উপস্থিত হন। কিন্তু দুর্ভাগ্য তারা কিংসফোর্ডকে হত্যা করতে পারেননি। ক্ষুদিরামের ফাঁসি দিন বিপ্লবী অবিনাশচন্দ্র ভট্টাচার্য একটি বিখ্যাত সঙ্গীত রচনা করলেন, 'একবার বিদায় দে মা ঘুরে আসি.. অভিরামের দ্বীপচালান মা ক্ষুদিরামের ফাঁসি''। এই গানটি গেয়েছিলেন লতা মঙ্গেশকর। এই গানটি সারা ভারত জুড়ে সুনাম অর্জন করেছিল। বিদ্রোহী কবি নজরুল শুধু মাত্র বিদ্রোহী কবিতা লিখে ক্ষান্ত হলেন না। তিনি আরও বেশ কয়েকটি স্বদেশি কবিতা এবং গান লিখলেন। তাঁর কবিতার বই 'অগ্নিবীণা', 'বিষের বাঁশি' বাজেয়াপ্ত করে নিয়ে ছিল ব্রিটিশ সরকার। এমনকী তাঁর সম্পাদিত 'ধুমকেতু' থেকে প্রকাশিত কবিতা আনন্দময়ী আগমনে' কবিতাটি ব্রিটিশ সরকার বাজেয়াপ্ত করে এবং নজরুলের জেলেও যেতে হয়েছিল। বাংলার কবিরা নজরুলের মুক্তির দাবি নিয়ে কলকাতার কলেজ স্কোয়ার পার্কে সমাবেত হয়ে সরকারের বিরুদ্ধে প্রতিবাদ করতে শুরু করে। তখন বাংলার কবিরা সব সময়ে আগুন ঝরানো কবিতা এবং গান গাইতে শুরু করে দিয়েছে। মান্না দে'র কাকা কৃষ্ণচন্দ্র দে একটি বিখ্যাত গান গাইলেন- ভারত আমার ভারতবর্ষ স্বদেশ আমার স্বপ্ন গো।' আর গাইলেন 'ওই মহাসিন্ধুর ওপার থেকে কী সঙ্গীত ভেসে আসে'। এই গানটি তখন জনপ্রিয়তা অর্জন করেছিলেন। কবি নজরুলের গান সুভাষচন্দ্র বোস খুবই পছন্দ করতেন। নজরুলের একটি গান 'দুর্গম গিরি কান্তার মেরু দুস্তর পরাপার হে'। এই গানটি আবার দ্বিজেন্দ্রলাল রায়ের পুত্র দিলীপকুমার রায় খুব ভালো গাইতে পারতেন। তাঁর গলার স্বর অত্যন্ত মিষ্টি ছিল। নাট্যকার গিরিশ ঘোষ লিখে ফেললেন 'সিরাজদৌল্লা' নাটক। সেই নাটক বাংলার রঙ্গমঞ্চে সাফল্য লাভ করতে শুরু করলো। ১৯১১ সালের ৮ জানুয়ারি ব্রিটিশ সরকার 'সিরাজদৌল্লা' নাটক অভিনয় করা বন্ধ করে দিল। তার ফলে বাংলার সংস্কৃতি জগতে ক্ষোভ তীব্র হতে শুরু করে। তারপরে গিরিশি ঘোষ আরও বেশ কয়েকটি স্বদেশি নাটক রচনা করেছিলেন। সেই সব নাটকের মধ্যে ছিল 'মীরকাশিম' (১৯০৬), 'ছত্রপতিশিবজি' (১৯০৭)। এই নাটক দুটি স্বদেশি ভাবনা নিয়ে রচিত হয়েছিল। এই নাটকের মধ্যে যেসব গান ছিল তা বলতে গেলে স্বদেশি ভাবনায় রচিত তার ফলে ইংরেজ সরকার গিরিশ ঘোষের নাটকের ওপরে বেশি করে নজর দিতে থাকে। দ্বিজেন্দ্রলাল রায় স্বদেশি ভাবনা নিয়ে নাটক লিখতে শুরু করলেন। এই সব নাটকের মধ্যে তিনি স্বদেশি সঙ্গীত প্রবেশ করিয়ে দিলেন। তার ফলে নাটকগুলি সেই সময়ে জনপ্রিয়তা লাভ করে। নজরুলের সঙ্গীত চট্টগ্রামের বিপ্লবীদের অনুপ্রাণিত করেছিল। নজরুলের গান গেয়ে চট্টগ্রামের বিপ্লবীরা ব্রিটিশ সরকার বিরুদ্ধে শপথ গ্রহণ করতো। রবীন্দ্রনাথ ঠাকুরের বহু গান বিপ্লবী সমিতির অনুষ্ঠানে পরিবেশন করা হতো। ১৯০৮ সালে আলিপুর আদালতে উল্লাসকর দত্তের ফাঁসির হুকুম দিয়েছিলেন বিচারপরি ব্রিটক্রফট। তিনি যখন ফাঁসির

হুকুম দিয়েছিলেন তখন সেই সময়ে রবী ঠাকুরের একটি গান গাওয়ার অনুমতি চান বিপ্লবী উল্লাসকর দত্ত। আলিপুর বোমা মামলায় দুই জনের ফাঁসির হুকুম হয়েছিল। এই দুইজন হলেন বিপ্লবী বারন্দ্রকুমার ঘোষ এবং উল্লাসকর দত্ত। উল্লাসকর দত্ত আলিপুর এজলাসে তাঁর ফাঁসির আদেশনামা শুনে বিচলিত না হয়ে তিনি বিচারপতি কাছে একটি গান গাইবার অনুমতি চান। বিচারপতি সেই অনুমতি দিয়েছিলেন। সেটি আবার রবীন্দ্রনাথ ঠাকুর লিখেচেন। গানটি হল-'স্বার্থক জনম মাগো জন্মেছি এই দেশে'। এই গান শুনে সারা এজলাস চুপ হয়েছিল। পরে অবশ্য ইঁনাদের ফাঁসি হয়নি। দ্বীপান্তর হয়েছিল। ১৯০৫ সাল থেকেই রবীন্দ্রনাথ স্বদেশি গান লিখতে শুরু করে দিয়েছিলন। তখন বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন চলছিল। বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনকারী পদযাত্রা করে মিছিল করার সময়ে তাঁর গান গাইতে গাইতে রাস্তা দিয়ে চলতে শুরু করে ছিল পদযাত্রীরা- 'বাংলার মাটি বাংলার জল' এবং 'ও আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি।' বাংলার কবিরা অজস্র স্বদেশি কবিতা করতে শুরু করে এবং গায়কেরা সেই সব কবিতাকে সুর দিয়ে গানে পরিণত করেছিল। এই সব কবিদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়, নবীনচন্দ্র সেন, সত্যেন্দ্রনাথ দত্ত, প্রমুখ। কথা সাহিত্যিক শরৎ চন্দ্র চট্টোপাধ্যায় লিখলেন 'পথের দাবী'। তাঁর এই উপন্যাসকে বাজেয়াপ্ত করেছিল ব্রিটিশ সরকার।

শ্রদ্ধানন্দ পার্কঃ ১৯৩০ সালের ১৩ এপ্রিল বিদেশি পণ্য বর্জনের ডাকে একটি বিশাল বিক্ষোভ সমাবেশ হয়েছিল। সেখানে সমস্ত বিদেশি পোশাক জড়ো করে তাতে আগুন ধরিয়ে দেওয়া হয়। 'বেঙ্গল ন্যাশনাল মিলিশিয়া' নামে একটি সংগঠন এই প্রতিবাদ সভার ডাক দিয়েছিল। এই সংস্থার সাধারণ সচিব ছিলেন দুর্গাপদ দাশগুপ্ত। তাঁর ডাকে বাংলার যুব সমাজ শ্রদ্ধানন্দ পার্কে এসে জমায়েত হয়।

হ্যালিডে পার্কঃ কলুটোলা স্ট্রিটে মেছোবাজার পর্যন্ত যে লম্বা রাস্তাটি ছিল তার নাম ছিল আগে হ্যালিডে স্ট্রিট। এখন নাম হয়েছে চিত্তরঞ্জন এভিনিউ। রাজধানি কলকাতার পুলিশ কমিশনার হ্যালিডের নামেই এই রাস্তাটির নামকরণ করা হয়েছিল। ১৮৪৮ সালের আইনে সরু গলি ভেঙে চওড়া গলি করতে গিয়ে তৈরি হয়েছিল এই রাস্তাটি ১৮৫৬-৫৭ সালে। এই স্ট্রিটের মধ্যে ছিল একটি পার্ক। তার নাম ছিল হ্যালিডে পার্ক। সেখানে বিলেতি পণ্য জোগাড় করে পোড়ানো শুরু হয়েছিল।

কলেজ স্কোয়ার এবং বিডন স্কোয়ারঃ ১৯৩০ সালে ১১ এপ্রিল ব্রিটিশ পুলিশের হাতে মার থেকে রক্তাক্ত হয়েছিল বহু তরুণ। তার প্রতিবাদ করতে শুরু করেছিল ইংরেজদের সব পণ্যকে বয়কট করতে হবে।

কর্নওয়ালিস স্কোয়ারঃ এই পার্কটি তৈরি হয়েছিল লটারি কমিটির উদ্যোগে ১৮১৭-১৮৩৬ সালের মধ্যে। ইতিহাসবিদ রাধারমণ মিত্র মনে করেন যে হেদো শব্দটি এসেছে হ্রদ থেকে। ১৯৩০ সালের ১৩ এপ্রিল এই পার্কে সিডিশন আইন ভাঙার জন্য সমাবেত হয়েছিল। তখন ব্রিটিশ ডেপুটি পুলিশ কমিশনার ছিলেন গর্ডন। কর্নওয়ালিস স্কোয়ারের জমায়েত অহিংসা হলেও তার ওপরে ব্রিটিশ পুলিশ বাহিনী লাঠিচার্জ করতে শুরু করে। ছাত্র নেতা সন্তোষ চট্টোপাধ্যায়, প্রসূন ঘোষ, বিভূতি গুপ্ত এবং সূর্যকিষানকে গ্রেফতার করে পুলিশ। **(ক্রমশ...)**

মায়ের আরাধনায় শ্যামা ভক্তবৃন্দ

বিশেষ প্রতিনিধি

ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, মা কালীকে শুধু পুজো করলে হবে না। তার সাধনা করতে হবে। বেদ পড়লেই চলবে না। শাস্ত্র পাঠ করলেই চলবে না। পুজো অঞ্জলি দিলেই কালী সন্তুষ্ট হন না। মানুষের সেবা করতে হবে। তবেই মা কালী সন্তুষ্ট হন। ঠাকুর রামকৃষ্ণ ধর্মীয় দর্শনটা ছিল সেবা করা। তিনি মানব সেবায় বিশ্বাসী ছিলেন। স্বামী বিবেকানন্দকে তিনি মানব সেবায় দীক্ষিত করে দিয়ে গিয়েছিলেন। তিনি মনে করতেন, শুধু ধর্মশাস্ত্র পড়লেই দেবতার আরাধনা করা যায় না। তিনি মা ভবতারিণীকে নিজের কন্যার মতো দেখতেন বলেই তাঁকে সবাই পাগল ঠাকুর বলতো। রানী রাসমনি এই পাগনল ঠাকুরকে আশ্রয় দিয়েছিলেন দক্ষিণেশ্বরে। ঠাকুর রামকৃষ্ণদেব দক্ষিণেশ্বরের সামান্য পুরোহিত তিনি তিনি জগত বিখ্যাত হয়ে ছিলেন তার একটি মাত্র কারণ হচ্ছে মানব সেবা মানুষের সেবা করতে হবে। তিনি পতিতদের সেবা করেছেন। গিরিশ ঘোষকে তিনি আশ্রয় দিয়েছিলেন। অভিনেতা গিরিশ ঘোষ যখন খুবই অসুবিধা পড়ে গিয়েছিলেন তখন ঠাকুর রামকৃষ্ণদেব গিরিশ ঘোষকে সাহস দিয়েছিলেন। শক্তি দিয়েছিলেন। অভিনেত্রী বিনোদিনীকে সবাই যখন ঘৃণা করতে শুরু করে দিয়েছিল তখন ঠাকুর রামকৃষ্ণদেব তাঁকে আর্শিবাদ করেছিলেন। তিনি বলেছিলেন, তুই একদিন বিখ্যাত হবি। তোর নাম বাংলার যাত্রা জগতে ঘোরা ফেরা করবে। তোর খুব সুনাম হবে। ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, শুধু ধর্ম করলে চলবে না। ধর্ম থেকে আদর্শকে গ্রহণ করতে হবে। শুধু পুজো করলে চলবে না। পুজোর মধ্যে দিয়ে মানব সেবাকে গ্রহণ করতে হবে। তবেই মানুষ মহান হতে পারবে। মানুষ নিজের জীবনটাকে শ্রেষ্ঠ করতে পারবে। ধর্ম কর্ম করলে মনটা শুদ্ধ থাকে। পবিত্র থাকে। মনটাকে পবিত্র করতে হবে। মনকে শুদ্ধ করতে হবে। মন যদি শুদ্ধ না হল তাহলে পুজোপাঠ করে কী লাভ। মায়ের শক্তিকে ধারন করতে হবে। জাগরিত করতে হবে মন শক্তিকে। মনের শক্তিকে। মনকে শুদ্ধি করতে হবে। পাপ থেকে মনটাকে দূর করতে হবে। মধ্যে থাকা সৎ শক্তিকে জাগরিত করতে হবে। জাগরিত করতে হবে মানবশক্তি। শুধু নিজেকেই শক্তিধারক বা বাহক করলে চলবে না। সবাইকে শক্তিশালী করার দায়িত্ব গ্রহণ করতে হবে। সবাইকে সুদ্ধাচারে থাকতে হবে। না হলে দেশটা একেবারে পঙ্কিল হয়ে যাবে। শুভ্রতার প্রতীক হতে হবে। জ্ঞান অর্জন করতে হবে। শিক্ষা গ্রহণ করতে হবে। সৎ শিক্ষা গ্রহণ করলে তার একটি মূল্য আছে। জীবন কোনও সময়ে কঠিন হয়ে উঠবে না যদি সেবা ধর্ম পালন করা যায়। সেবাই হচ্ছে পরম ধর্ম। তার মতো আর কোনও ধর্ম নেই। সব ধর্মের সেরা ধর্ম হচ্ছে সেবা। মানব সভ্যতাকে রক্ষা করতে হবে। মানবজাতিকে রক্ষা করতে হবে। দেশকে রক্ষা করার ব্রত গ্রহণ করতে হবে। দেশকে রক্ষা করতে পারলে তবেই নিজেকে রক্ষা করা সম্ভব। তিনি নরেনকে এই সব মন্ত্রে দীক্ষিত করেছিলেন। তিনি জানতেন যে নরেন একদিন তাঁর নামটাকে বিশ্বে ছড়িয়ে দিতে সক্ষম হবে। ঠাকুর রামকৃষ্ণদেব নরেনকে আর একটি শিক্ষা দিয়েছিলেন সেটা হচ্ছে পতিতদের উদ্ধার করতে হবে। অনাথদের পাশে গিয়ে দাঁড়াবে হবে। শক্তিহীন মানুষকে শক্তি দিতে হবে। ঠাকুর রামকৃষ্ণদেব স্বামী বিবেকানন্দকে বলেছিলেন, মানব ধর্ম হচ্ছে সবচেয়ে বড় ধর্ম। তার ওপরে আর কোনও ধর্ম নেই। গীতায় মানব ধর্মের কথা বলা হয়েছে। সেখানে বারবার একটি কথা বলা হচ্ছে অসৎ পথ পরিত্যাগ করে সৎ পথকে অবলম্বন করো। তাহলে জীবনকে রক্ষা করতে সক্ষম হবে। জীবন ধন্য হতে থাকবে। জীবনকে শক্তিশালী করতে হবে। তার জন্য মায়ের ধ্যান করতে হবে। মাতৃভক্তিকে জাগরিত করতে হবে। মা'ই হচ্ছেন আসল শক্তির আধার। তিনি সবাইকে শক্তি দান করে থাকেন। মা ভবতারিনী হচ্ছেন শক্তি। মা সারদা হচ্ছেন শক্তি। সেই কারণে ঠাকুর রামকৃষ্ণদেব মা সারদা পুজো করে থাকেন। বেলুড় মঠে কুমারী পুজোর আয়োজন করা হয়ে থাকে। তার একটি মাত্র কারণ হচ্ছে মাতৃপুজো। মাকে পুজো করতে হবে। নারী শক্তির জাগরণ চাই। নারী শক্তিকে কোনও সময়ে অবদামিত করে রাখা যায় না। মায়ের প্রতি ভক্তি অবিচল হতে হবে। মায়ের আরাধনা করতে হবে। জাগাতে হবে মনের ভক্তিকে। মনের শক্তিকে। মনের শক্তি এবং ভক্তি জাগরিত হলে আর কোনও অপশক্তি আপনাকে পরাস্ত করতে পারবে না। সব অপশক্তি পরাস্ত হবে। ধন্য হয়ে উঠবে গোটা জগতটা। জ্ঞান অর্জন করতে হবে। জ্ঞানই ধন উপার্জন করতে সাহায্য করবে। যিনি জ্ঞানী তাদের ধন উপার্জন করতে আলাদা করে উদ্যোগী হতে হয় না। জ্ঞানই ধন উপার্জনের পথটাকে খুলে দেয়। মনের শক্তিটাকে খুলে দিতে হয়। **(ক্রমশ...)**

হেরিটেজ মেদিনীপুরের ঐতিহ্য

মেদিনীপুর বাংলার একটি উচ্চ শিক্ষিত জেলা হিসাবে পরিচিত। ব্রিটিশ সরকারও পর্যন্ত এই মেদিনীপুরকে ভয় পেত। মেদিনীপুরে তমলুক বলে একটি স্থান রয়েছে। সেখানে আগে তাম্রলিপ্ত বন্দর ছিল। এই বন্দর গিয়ে বিদেশে ভারতীয় পণ্য ব্যবসা বাণিজ্য হতো। তারপরে ব্রিটিশ যুগে এখনকার বিপ্লবীরা তাম্রালিপ্ত সরকার প্রতিষ্ঠা করেছিল। এই স্থানের সভ্যতা বহু প্রাচীন। চন্দ্রকোনাতে একটি বিখ্যাত মন্দির রয়েছে। চৌহান রাজাদের দ্বারা নির্মিত রামগড় ও লালগড় দুর্গ এখানে দেখতে পাওয়া যায়। জোড়া মসজিদ রয়েছে মেদিনীপুরে। এই মসজিদ দুটো পাশাপাশি নির্মিত হয়েছিল বলে জোড়া মসজিদ বলা হয়ে থাকে। মেদিনীপুরের ঝাড়গ্রাম রাজপ্রসাদ এখন সকলের কাছে পরিচিত। বহু বছর ধরে এই রাজপ্রসাদ দেখতে দূর দূরান্ত থেকে পর্যটকেরা এসে উপস্থিত হয়। সেন্ট জনস চার্চ মেদিনীপুরে অবস্থিত। এই চার্চ তৈরি করা হয়েছিল অষ্টাদশ

শতাব্দীতে। মেদিনীপুরের নতুন বাজারের কালী পুজো। এই মন্দিরটি পঞ্চরত্ন মন্দির নামে খ্যাতি লাভ করেছে। দাঁতনে রয়েছে মহাদেবের প্রাচীন মন্দির। বিদ্যাধরনী পুস্করনীর হ্রদ। চিল্কিগড় কনক দুর্গা মন্দির। এই মন্দিরের আশপাশে বনাঞ্চল রয়েছে। তা সফর করতে পর্যটকেরা এসে উপস্থিত হয়। এখানে ব্রাহ্ম ধর্ম প্রসার লাভ করে। ব্রাহ্ম সমাজের ধ্বংসাবশেষ দেখতে পাওয়া যায়। জগন্নাথ মন্দির শ্যামলেশ্বর মন্দির এবং চন্দনেশ্বর মন্দির পাশাপাশি অবস্থিত। এই তিন দেব স্থান দর্শন করলে মোক্ষ লাভ হয় বলে কথিত রয়েছে। বর্গাভীমা মন্দির তমলুকে অবস্থিত। ১২০০ বছরের প্রাচীন মন্দির বলে সকলেই বিশ্বাস করে। নতুন বাজারে জগন্নাথ দেবের মন্দির রয়েছে। এছাড়াও রয়েছে আর ঐতিহাসিক স্থান। মেদিনীপুর একটি বড় জেলা ছিল। সেই জেলাকে এখন দুইভাগে ভাগ করে দেওয়া হয়েছে। পূর্ব মেদিনীপুর এবং পশ্চিম মেদিনীপুর।

অগ্নি নিরাপত্তা সচেতনা শিবির অনুষ্ঠিত হলো তুফানগঞ্জ মহকুমা হাসপাতালে

দুরন্ত বার্তা, কোচবিহার, ৭ নভেম্বর ঃ অগ্নি নিরাপত্তা সচেতনতা শিবির অনুষ্ঠিত হল তুফানগঞ্জ মহকুমা হাসপাতাল চত্বরে। মঙ্গলবার দুপুরে তুফানগঞ্জ মহকুমা হাসপাতাল চত্বরে অগ্নি কান্ড ঠেকাতে কি কি সচেতনতা মূলক কর্মসূচি প্রত্যাহিক জীবনে সকলের নেওয়া উচিত, তা স্বাস্থ্য কর্মী ছাড়াও উপস্থিত সাধারণ মানুষজনকে অবগত করেন তুফানগঞ্জ অগ্নি নির্বাপক কেন্দ্রের কর্মীরা। এদিন স্বাস্থ্য কর্মীদের সাথে বৈদ্যুতিক অগ্নি কান্ড মোকাবিলা করতে কিভাবে অগ্নি কাণ্ডের উৎসস্থলে কার্বন ডাই অক্সাইড গ্যাসের এক্সটিন গুইসার ব্যবহার করতে হবে তা উপস্থিত সকল কে হাতে নাতে শেখান দমকল কর্মীরা। এছাড়াও হাসপাতালের মতো স্পর্শকাতর এলাকায় ছোটো ধরনের কোনো অগ্নি কান্ড ঘটলে কিভাবে এ বি সি গ্যাসের এক্সটিনগুইসারের সিলিন্ডার ব্যবহার করতে হবে, তাও হাতে নাতে স্বাস্থ্য কর্মীদের শেখান দমকল কর্মীরা। এদিনের কর্মসূচিতে উপস্থিত ছিলেন তুফানগঞ্জ অগ্নি নির্বাপক কেন্দ্রের লিডিং ফায়ার অপারেটর তাপস কুমার সরকার ও বিষ্ণু সরকার, ফায়ার ইঞ্জিন অপারেটর কাম ড্রাইভার ভক্তি রঞ্জন দাস, তুফানগঞ্জ মহকুমা হাসপাতালের সহকারী সুপার কিশোর বর্মন সহ অন্যান্যরা।

অভিযুক্তদের শাস্তি ও ক্ষতিপূরণের দাবিতে রাস্তায় মৃতদেহ রেখে বিক্ষোভ গ্রামবাসীদের

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ৭ নভেম্বর ঃ অভিযুক্তদের শাস্তি ও ক্ষতিপূরণের দাবিতে রাস্তায় মৃতদেহ রেখে বিক্ষোভ গ্রামবাসীদের। এই ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। উল্লেখ্য গত শনিবার জমি বিবাদকে কেন্দ্র করে সংঘর্ষে জখম হন গোয়ালপোখর থানার কিচকটলা এলাকার বাসিন্দা নিজাম ও তার ভাই। সোমবার শিলিগুড়িতে একটি বেসরকারি নার্সিংহোমে চিকিৎসা চলাকালীন মৃত্যু হয় নিজাম নামে ওই ব্যক্তির। এরপর রাতে মৃতদেহ পৌঁছায় গ্রামে। মঙ্গলবার সকাল থেকে অভিযুক্তদের শাস্তি ও নিহতের পরিবারকে ক্ষতিপূরণের দাবিতে রাস্তায় মৃতদেহ রেখে বিক্ষোভ দেখাতে শুরু করে গ্রামবাসীরা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় গোয়ালপোখর থানার বিশাল পুলিশ বাহিনী। অবশেষে স্থানীয় নেতৃত্ব ও পুলিশ প্রশাসনের আশ্বাসে বিক্ষোভ তুলে নেন গ্রামবাসীরা।

প্রকাশ্যে এলো বিজেপির গোষ্ঠীকোন্দল



দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৭ নভেম্বর ঃ আবারও প্রকাশ্যে এলো বিজেপির গোষ্ঠীকোন্দল। বিজেপি নেতৃত্বদের বিরুদ্ধে অভিযোগ আনলেন এক বিজেপি নেতা। মঙ্গলবার শিলিগুড়ি জার্নালিস্ট ক্লাবে সাংবাদিক বৈঠক করলেন বিজেপির শিলিগুড়ি সংগঠনিক জেলা কমিটির তপশিলি মোর্চার সভাপতি দিলীপ রায়। তিনি বলেন দুমাস আগে বিজেপির তপশিলি মোর্চা জেলা কমিটির পক্ষ থেকে তাকে জেলা কমিটির সভাপতির দায়িত্ব দেওয়া হয়েছিল। সেইমতো এতোদিন তিনি সেই পদের দায়িত্ব সামলে আসছিলেন। কিন্তু গতকাল সোশ্যাল মিডিয়ার মাধ্যমে তিনি জানতে পারেন সেই পদ থেকে তাকে সরিয়ে অন্য কাউকে দায়িত্ব দিয়েছে জেলা সভাপতি। যা জেলা সভাপতির এখতিয়ার বহির্ভূত। তার অভিযোগ এই বিষয়ে রাজ্য কমিটির কিছু জানা নেই। তিনি সরাসরি বিধায়ক শংকর ঘোষের বিরুদ্ধে অভিযোগ আনেন। তিনি বলেন শংকর ঘোষ চাইছেন দলে বামপন্থীদের ঢোকাতে। পুরোনো সমস্ত বামপন্থীরা এখন বিজেপিতে যোগদান করছে। এবং দলের কামান তিনি নিজের হাতে রাখতে চাইছেন। তিনি চাইছেন সকলে যাতে তার কথা মতো কাজ করে যারা তার বিরোধিতা করছে, তাদেরকেই পথ থেকে সরিয়ে দেওয়া হচ্ছে।

কোচবিহার জেলা পরিষদের পক্ষ থেকে স্বচ্ছ ভারত মিশন

দুরন্ত বার্তা, কোচবিহার, ৭ নভেম্বর ঃ কোচবিহার জেলা পরিষদের পক্ষ থেকে একটি ওয়ার্কশপ করা হয় উৎসব এডিটোরিয়াম হলঘরে স্বচ্ছ ভারত মিশন ওয়ার্কশপে উপস্থিত ছিলেন কোচবিহারের জেলা শাসক অরবিন্দ কুমার মিনা, জেলা পরিষদের সভাধিপতি সুমিতা বর্মন, জেলা পরিষদের সহ সভাধিপতি আব্দুল জলিল আহমেদ এছাড়াও জেলা পরিষদের বিভিন্ন কর্মদক্ষ উপস্থিত ছিলেন। এই বিষয়ে আব্দুল জলিল আহমেদ জানান এর আগেও নির্মল বাংলা বলে একটি প্রকল্প আরম্ভ হয়েছিল এটি অন্য একটি ধাপ এটি দ্বিতীয় ধাপ, গ্রামগঞ্জে থাকে দেখা যেত বিভিন্ন জায়গায় মলমূত্র ত্যাগ , নোংরা আবর্জনা ফেলে রাখত গ্রামগঞ্জে দেখা যেত এ সমস্ত এ বিষয়গুলো পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য স্বচ্ছ ভারত মিশন করা হচ্ছে জেলা পরিষদের পক্ষ থেকে। এ বিষয়গুলো চালু হয়ে গেলে গ্রামগঞ্জের মানুষ এগুলোর মাধ্যমে কাজও পাবে, এর আগে যখন নির্মল বাংলা প্রকল্প চালু হয়েছিল তারপর থেকে কোনরকম নোংরা আবর্জনা দেখা যায় না গ্রামগঞ্জে সেই বিষয়কে মাথায় রেখেই আজ স্বচ্ছ ভারত মিশন ওয়ার্কশপ করা হলো। এই প্রকল্প যাতে সঠিকভাবে করা হয় সেই বিষয়েই নজরদারি রাখা হচ্ছে এই প্রকল্পে রাজ্য সরকার এবং কেন্দ্র সরকার দুজনেরই প্রকল্প সুতরাং কাজগুলো যাতে দ্রুত চালু করা যেতে পারে সেই বিষয় নিয়েই আলোচনা সভা। এই বিষয়ে আব্দুল জলিল আহমেদ আরও কি জানিয়েছেন শুনে নেব।

শিলিগুড়িতে ইনসাফ যাত্রায় যোগ দিলেন মীনাক্ষী মুখার্জীর

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৭ নভেম্বর ঃ শিলিগুড়িতে ইনসাফ যাত্রায় যোগ দিলেন DYFI এর রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখার্জী। দুর্নীতি বন্ধ থেকে নিয়োগের দাবি, শিক্ষার দাবি থেকে আইনশৃঙ্খলার উন্নতি, একাধিক দাবি নিয়ে ৩ নভেম্বর থেকে শুরু হয়েছে DYFI- এর ইনসাফ যাত্রা। এদিন শিলিগুড়িতে ইনসাফ যাত্রায় যোগ দিতে এসে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, সরকার চেয়েছে তাই কুন্তলের ফ্ল্যাটে ইডি হানা দিয়েছে। কারণ কুন্তলের ফ্ল্যাটে টাকা রয়েছে বেআইনি নথি রয়েছে।

তিস্তা পাড়ের দেবী চৌধুরানির কালীপুজোয় বদলাচ্ছে ভোগের মাছ

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৭ নভেম্বর ঃ সিকিম বিপর্যয়ের ধাক্কা এখনও পুরোপুরি সামলে উঠতে পারেনি উত্তরবঙ্গের বৃহত্তম নদী তিস্তা। এবার সেই বিপর্যয়ের আঁচ লাগল তিস্তা পাড়ের দেবী চৌধুরানির কালীপুজোয়। তন্ত্রমতে পূজিতা দেবী চৌধুরানির কালীর ভোগের থালায় সাজানো থাকে শোল ও বোয়াল মাছ। ৩১২ বছরের প্রাচীন পুজোয় এই প্রথমবার ভোগ নিবেদন হবে অন্য নদীর মাছ দিয়ে। তিস্তার বদলে শোল, বোয়াল মাছ আনা হবে অন্য নদী থেকে। তিস্তার জলদূষণের কারণে ভক্তরা আপত্তি তোলায় এই সিদ্ধান্ত বলে জানান মন্দির কমিটির সম্পাদক দেবাশিস সরকার। গত ৪ অক্টোবর সিকিম পাহাড়ে প্রাকৃতিক বিপর্যয়ের বন্যা পরিস্থিতি তৈরি হয় তিস্তায়। ভেসে আসে প্রচুর মৃতদেহ। ভেসে আসে সেনা বাহিনীর ব্যবহৃত যুদ্ধ সরঞ্জাম। এরই মধ্যে গত সপ্তাহে হঠাৎ করে তিস্তায় মাছের মড়ক লাগে। সব মিলিয়ে ভক্তদের আপত্তি জোরদার হওয়ায় অন্য নদীর শোল, বোয়ালে মা কালীকে ভোগ নিবেদনের সিদ্ধান্ত নেন দেবী চৌধুরানি মন্দির কর্তৃপক্ষ। কথিত আছে, শোল মাছ নাকি নিজেও পছন্দ করতেন দেবী চৌধুরানি। আর তিস্তা নদীর বোয়াল মাছও ছিল তার পছন্দের তালিকায়। দেবী চৌধুরানি উপন্যাসে প্রফুল্ল অর্থাৎ দেবী চৌধুরানির শোল মাছ ধরার কথা উল্লেখ করেছেন সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। দেবী চৌধুরানির পছন্দের সেই শোল, বোয়াল মাছ দিয়ে আজও ভোগ নিবেদন হয় জলপাইগুড়ির গোশালা মোড়ের দেবী চৌধুরানির শ্মশান কালীর মন্দিরে। জলপাইগুড়ি শহর সংলগ্ন গোশালা মোড়ের দেবী চৌধুরানি মন্দিরের প্রথম পুরোহিত ছিলেন ভবানী পাঠক। তার পর এই মন্দিরের পুরোহিতের তালিকায় রয়েছেন নয়ন কাপালিক। ১৮৯০ সালে নরবলি দেওয়ার অভিযোগে নয়ন কাপালিকের প্রাণদণ্ড হয়। সেই থেকেই এই মন্দিরে বন্ধ হয়ে যায় নরবলি প্রথা। তবে কালীপুজোর রাতে আজও পাঁঠা বলি হয়ে আসছে এই মন্দিরে।

৩ ট্রাকে শতাধিক গরু পাচার! একযোগে অভিযান চালিয়ে উদ্ধার করল শিলিগুড়ি পুলিস

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৭ নভেম্বর ঃ আবারও মহকুমায় একযোগে অভিযান চালিয়ে পৃথক এলাকা থেকে শতাধিক গরু উদ্ধার করল পুলিস। গোপন সূত্রে খবর পেয়ে শিলিগুড়ি মহকুমার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ট্রাক সমেত শতাধিক গরু উদ্ধার করল পুলিস। উদ্ধার হওয়া গরুর সংখ্যা ১২৭। পুলিস সূত্রে খবর, গরুগুলো তিনটি ট্রাকে বিহার থেকে ভারত-বাংলাদেশ লাগোয়া সীমান্ত কোচবিহার, ময়নাগুড়ি উদ্দেশ্যে যাচ্ছিল। সোমবার রাত ও মঙ্গলবার সকাল মিলিয়ে শিলিগুড়ি মহকুমার মুরালিগঞ্জ চেক পোস্ট, বিধাননগর এবং খড়িবাড়ি থেকে তিনটে ট্রাক আটক করে গরু গুলোকে উদ্ধার করে পুলিস। ঘটনাকে কেন্দ্র করে চার জনকে আটক করে পুলিস। মঙ্গলবার তাদের শিলিগুড়ি আদালতে তোলা হয়। সোমবার গোপন সূত্রের খবর পেয়ে, শিলিগুড়ি মহকুমা পরিষদের অন্তর্গত বাংলা-বিহার সীমান্তের চেকমাড়িতে অভিযান চালায় খড়িবাড়ি থানার পুলিস। একটি ট্রাক আটক করে তল্লাশি চালিয়ে ৪৩ টি গরু উদ্ধার করে পুলিস। এই ঘটনায় দুজনকে গ্রেফতার করে পুলিস। ধৃতদের নাম জহরুল হক (২৮) ও এমডি সেলিম (৩০)। ধৃত দুজনই বিহারের বাসিন্দা। উদ্ধার হাওয়া গরু বিহার থেকে আসামে পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল। অন্যদিকে, মঙ্গলবার শিলিগুড়ি মহকুমা পরিষদের অন্তর্গত ফাঁসিদেওয়া ব্লকের বিধাননগরে অভিযান চালায় বিধাননগর থানার পুলিস। একটি ট্রাক আটক করে তল্লাশি চালিয়ে ৪৫ টি গরু উদ্ধার উদ্ধার করে পুলিস। এই ঘটনায় ট্রাকের চালককে গ্রেফতার করা হয়। ধৃতের নাম অশোক ঠাকুর (৪৩)। সে বিহারের কাটিহারের বাসিন্দা। বিধাননগর থানার পুলিশ সূত্রে খবর, গরুগুলো বিহার থেকে আসাম হয়ে বাংলাদেশে পাচারের ছক কষেছিল পাচারকারীরা। তবে তার আগেই গরুগুলো উদ্ধার করা হয়েছে। পাশাপাশি মঙ্গলবার সকালে শিলিগুড়ি মহকুমা পরিষদের অন্তর্গত ফাঁসিদেওয়া ব্লকের মুরালিগঞ্জ চেকপোস্টে অভিযান চালায় বিধাননগর থানার পুলিস। ট্রাক আটক করে তল্লাশি চালিয়ে ৩৯ টি গরু উদ্ধার করে পুলিস। এই ঘটনায় ট্রাকের চালককে গ্রেফতার করেছে। ধৃতের নাম আব্দুল মাসুম (২৩)। সে দক্ষিণ দিনাজপুর জেলার কুশমন্ডির বাসিন্দা। গরুগুলো ইটাহার থেকে আসামে পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল। ঘটনার বিষয়ে দার্জিলিং পুলিস সুপারের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলে তার কোন উত্তর পাওয়া যায়নি। উল্লেখ্য, শিলিগুড়ি মহকুমারবিধাননগর সহ ফাঁসিদেওয়া ব্লক বিভিন্ন মাফিয়া রাজের অন্যতম করিডর। মূলত, ভারত-বাংলাদেশ সীমান্ত ফাঁসিদেওয়া ব্লকের এলাকার বাসিন্দাদের দীর্ঘদিনের অভিযোগ খোদ প্রশাসনের সম্মুখে গরু পাচারকারীরা দিবালোকে গরু সীমান্ত পারাপার করে। প্রতিবাদ করায় অতীতে গুলি চলা, খুনের মত ঘটনাও ঘটেছে। গরু হাঁটিয়ে নিয়ে কৃষকদের ফসল নষ্টের অভিযোগ দীর্ঘদিনের।

রাজ্য ও কেন্দ্র যৌথ উদ্যোগে নগর জীবিকা মিশন প্রকল্পে গৃহহীনদের গৃহ

